# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 23, 1432 Bangla, March 08, 2026, Sunday, No. 67, 56th year

# H I G H L I G H T S

PM Tarique Rahman has said there are about 40 million poor families in country & playing an effective role in poverty alleviation will be possible within 10 to 15 years solely through the Zakat system by ensuring well-planned Zakat distribution. (Jago News: 13)

A total of 12 cargo vessels, including 4 LNG carriers & 2 LPG tankers, successfully crossed the Strait of Hormuz before the start of the US-Israeli war with Iran have arrived at Chittagong Port. (Jago News: 16)

Power Minister Iqbal Hassan Mahmood has said Bangladesh has sufficient fuel reserves and two more fuel-laden vessels were scheduled to arrive in Bangladesh on Mar 9. (BBC: 03)

CPD Executive Director Fahmida Khatun has said if the war situation in the Middle East continues, there is a risk of increasing oil prices, employment crisis & disruptions in the supply system in country. (Jago News: 16)

The ongoing situation in the Middle East has created fresh anxiety and concern among the families of expatriate Bangladeshis. (BBC: 04)

Iranian President Masoud Pezeshkian has apologised to the neighbouring countries for attacks launched during its war with Israel & USA - but asserted that Tehran will not strike unless they attack first. (BBC: 07)

Home Minister Salahuddin Ahmed has said the govt aims to establish a "new parliamentary culture" by removing past “bad precedents” to ensure lawmakers contribute effectively to public welfare. (Jago News: 14)

Health Minister Sardar Sakhawat Husain Bakul has said journalists bring out various inconsistencies and problems in society and thus many important issues come to the attention of the govt. (Jago FM: 16)

Bangladesh Coast Guard has been carrying out round-the-clock patrols in coastal and border areas to prevent the smuggling of fuel and essential commodities into Myanmar. (Jago News: 17)

The Directorate of National Consumer Rights Protection has fined a shop in Chittagong city Tk 100,000 for allegedly selling Bangladeshi-made products at higher prices by claiming they were Indian. (Jago FM: 15)

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## ফাল্গুন ২৩, বাংলা ১৪৩২, মার্চ ০৮, ২০২৬, রবিবার, নং- ৬৭, ৫৬তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশে প্রায় চার কোটি দরিদ্র পরিবার রয়েছে। লক্ষ্যভিত্তিক পরিকল্পনার মাধ্যমে জাকাত বিতরণ করা গেলে ১০ থেকে ১৫ বছরের মধ্যে জাকাত ব্যবস্থাপনাই দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। (জাগো নিউজ: ১৩)

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ শুরুর আগে হরমুজ প্রণালি পেরিয়ে আসা ১২টি জাহাজ চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে এসেছে; এসব জাহাজের মধ্যে চারটিতে এলএনজি ও দু'টিতে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস রয়েছে। (জাগো নিউজ: ১৬)

দেশে তেলের পর্যাপ্ত মজুত রয়েছে; আগামী ৯ তারিখ আরো দু'টি ভেসেল আসছে -- জানিয়েছেন বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ । (বিবিসি: ০৩)

সিপিডি'র নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বলেছেন, মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি দীর্ঘায়িত হলে দেশে তেলের দাম বৃদ্ধি, কর্মসংস্থানে সংকট ও সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন ঘটার আশঙ্কাও রয়েছে। (জাগো নিউজ: ১৬)

মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতিতে উপসাগরীয় দেশগুলোতে থাকা প্রবাসীদের দেশে থাকা পরিবারে বাড়ছে উদ্বেগ, উৎকণ্ঠা। (বিবিসি: ০৪)

ইরানের রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ান ইসরায়েল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে যুদ্ধের সময় প্রতিবেশী দেশগুলির আক্রমণের জন্য ক্ষমা চেয়ে বলেছেন, প্রতিবেশী দেশগুলো থেকে 'প্রথমে হামলা না হলে' ইরানও তাদের ওপর হামলা করবে না । (বিবিসি: ০৭)

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, সরকার অতীতের "খারাপ নজির" দূর করে একটি "নতুন সংসদীয় সংস্কৃতি" প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করছে যাতে আইন প্রণেতারা জনকল্যাণে কার্যকরভাবে অবদান রাখতে পারেন। (জাগো নিউজ: ১৪)

স্বাস্থ্যমন্ত্রী সরদার মোহাম্মদ সাখাওয়াত হোসেন বকুল বলেছেন, সমাজের নানা অসঙ্গতি ও সমস্যা সাংবাদিকদের মাধ্যমে সামনে আসে এবং অনেক গুরুত্বপূর্ণ বিষয় সরকারের নজরে আসে। (জাগো এফএম: ১৬)

মিয়ানমারে জ্বালানি তেলসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের চোরাচালান রোধে উপকূলীয় ও সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশ কোস্টগার্ড ২৪ঘণ্টা টহল কার্যক্রম পরিচালনা করছে। (জাগো নিউজ: ১৭)

বাংলাদেশে তৈরি পণ্যকে ভারতীয় বলে বেশি দামে বিক্রির অভিযোগে চট্টগ্রাম নগরের একটি দোকানে এক লাখ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। (জাগো নিউজ: ১৫)

# বিবিসি

## দুটি ভেসেল আসছে, তেল নিয়ে উদ্বেগের কিছু নেই : জ্বালানি মন্ত্রী

বাংলাদেশ সরকারের বিদ্যুৎ ও জ্বালানি মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলেছেন, "জ্বালানি তেল নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নাই। আগামী ৯ তারিখ আরো দুটি ভেসেল আসছে।"আগামীকাল থেকে মোবাইল কোর্ট কাজ শুরু করবে জানিয়ে তিনি বলেন, "সাধারণ মানুষের মধ্যে প্যানিক কাজ করছে, যার কোনো যুক্তি নাই। তেলের পর্যাপ্ত মজুত রয়েছে। আতঙ্কিত হওয়ার কিছু নাই। বিকল্প উৎস থেকে তেল সংগ্রহের চেষ্টা করছে সরকার।" প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক শেষে আজ শনিবার বেলা সাড়ে ৩টার দিকে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## 'নিঃশর্ত আত্মসমর্পণ ছাড়া ইরানের সাথে কোনো চুক্তি নয়' : ট্রাম্প

"শর্তহীন আত্মসমর্পণ ছাড়া ইরানের সাথে আর কোনো চুক্তি হবে না" বলে জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে একথা জানিয়েছেন তিনি। ওই পোস্টে ট্রাম্প আরও লিখেছেন, "এর পরে একজন মহান ও গ্রহণযোগ্য নেতা নির্বাচিত হবে। আমরা এবং আমাদের অনেক অসাধারণ এবং অত্যন্ত সাহসী মিত্র এবং অংশীদাররা, ইরানকে ধ্বংসের দ্বারপ্রান্ত থেকে ফিরিয়ে আনতে অক্লান্ত পরিশ্রম করব, এটিকে অর্থনৈতিকভাবে আগের চেয়েও বড়ো, উন্নত এবং শক্তিশালী করে তুলব।" "ইরানের ভবিষ্যৎ দুর্দান্ত হবে। ইরানকে আবার মহান করে তুলুন," উল্লেখ করেন ট্রাম্প। (বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রনি)

## ইসরায়েলি বিমান হামলায় লেবাননে নিহতের সংখ্যা বেড়ে ২১৭

লেবাননে ইসরায়েলি হামলায় নিহতের সংখ্যা বেড়ে ২১৭ জনে দাঁড়িয়েছে। এছাড়া, ৭৯৮ জন আহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির সরকারি সংবাদ সংস্থা। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, সোমবার ভোর থেকে দেশটিতে শুরু হওয়া ইসরায়েলি হামলায় এই হতাহতের ঘটনা ঘটেছে। এর আগে, ১২৩ জন নিহতের তথ্য নিশ্চিত করেছিল লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রনি)

'ওরা যেমন উদ্বিগ্ন, তেমনি আমরাও এখানে চরম উদ্বেগের মধ্যে আছি'

যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের ওপর হামলা শুরুর পর ইরানও উপসাগরীয় অঞ্চলে সৌদি আরব, তেল সমৃদ্ধ কয়েকটি দেশে পাল্টা হামলা চালিয়ে যাচ্ছে। হামলার অংশ হিসেবে ইরান তার আরব প্রতিবেশী দেশগুলোর দিকে শত শত ক্ষেপণাস্ত্র ও ড্রোন ছুঁড়ে যাচ্ছে নিয়মিত বিরতিতে। এসব হামলায় ওইসব দেশের ভূখণ্ডে থাকা মার্কিন সামরিক ঘাঁটির পাশাপাশি, বেসামরিক ও জ্বালানি স্থাপনাগুলোকেও লক্ষ্যবস্তু করা হয়েছে। হামলার শিকার হচ্ছে ভ্রমণ, পর্যটন ও আর্থিক কেন্দ্র ছাড়াও তেল ও গ্যাস শিল্প স্থাপনা, যেখানে বাংলাদেশসহ বিভিন্ন দেশের বিপুল শ্রমিক কাজ করেন। বাংলাদেশের সরকারি সংস্থাগুলোর হিসেবে, গালফ কো-অপারেশন কাউন্সিলভুক্ত (জিসিসি) ছয়টি দেশ- সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কাতার, কুয়েত, বাহরাইন ও ওমানে বর্তমানে প্রায় ৪৫ লাখ বাংলাদেশি কর্মরত রয়েছেন। গত ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরুর পর থেকে এ ছয়টি দেশেরই বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে ইতোমধ্যেই এক বা একাধিকবার হামলা চালিয়েছে ইরান। এখনো যুদ্ধ শেষ বা স্থগিত হওয়ার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না, বরং যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, নিঃশর্ত আত্মসমর্পণ ছাড়া ইরানের সাথে কোনো আলোচনায় যাবেন না তিনি। এমন পরিস্থিতিতে উপসাগরীয় দেশগুলোতে থাকা প্রবাসীদের দেশে থাকা পরিবারে বাড়ছে উদ্বেগ, উৎকণ্ঠা। দেশের বিভিন্ন জায়গা থেকে এমন কয়েকটি পরিবারের সদস্যরা জানিয়েছেন, তারা মধ্যপ্রাচ্যে থাকা তাদের স্বজনদের নিরাপত্তাসহ সার্বিক পরিস্থিতি নিয়ে উৎকণ্ঠায় সময় পার করছেন। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ইতোমধ্যেই জানিয়েছে, ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় মধ্যপ্রাচ্যের দেশগুলোতে এখন পর্যন্ত দু-জন নিহত ও সাতজন আহত হয়েছে। এর মধ্যে বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতে একজন করে বাংলাদেশি নিহত হয়েছেন। আবার কুয়েতে ড্রোন হামলার ঘটনায় অন্তত ৪ বাংলাদেশি আহত হয়েছেন।

পরিবার ও স্বজনরা কী বলছে

প্রবাসীদের পরিবারের সদস্য কিংবা তাদের স্বজনরা বলছেন, যুদ্ধ শুরুর পর থেকেই তারা তাদের মধ্যপ্রাচ্যে থাকা স্বজনদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েছেন। লক্ষ্মীপুরের ফাতেমা বেগমের স্বামী মাহে আলম ওমানে থাকেন আট বছর ধরে। তিনি বলছেন, তার স্বামীর সাথে সবশেষ কথা হয়েছে শুক্রবার। "ওনারা যেখানে থাকেন, তার কাছেই বোমা পড়েছে কিন্তু তারা কাজে যেতে পারে নাই। ভয়ের মধ্যে আছে। কাল জানিয়েছে, খাবার পাওয়া যাচ্ছে না। এগুলো শুনলে কি আর সুস্থ থাকা যায় বলেন? আমরা চিন্তায় শ্যাষ হওয়ার মতো অবস্থা," বিবিসি বাংলাকে বলেছেন তিনি। একই জেলার এন এস রায়হানের ছোট ভাই থাকেন ওমানের মাস্কটে আর শ্যালক থাকেন সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে। "ওদের সাথে যোগাযোগ হচ্ছে। ওরা জানিয়েছে যে, তারা ঠিক যেখানে থাকে, সেখানে এখনো কোনো সমস্যা হয়নি। কিন্তু আসলে এটা তো যুদ্ধ। ওরা যেমন উদ্বিগ্ন, তেমনি আমরাও এখানে থেকে চরম উদ্বেগের মধ্যে আছি। প্রতি মুহূর্তেই টেনশন করছে পরিবারের সবাই," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

ভোলার লালমোহনের চরভূতা ইউনিয়নের মোশাররফ হোসেন শিপলুর দুই ভাই থাকেন সৌদি আরবের রিয়াদে। তিনি

জানান, তার ভাইয়েরা যেখানে থাকেন, সেখানে কোনো হামলার ঘটনা ঘটেনি। "কিন্তু যুদ্ধ বন্ধ না হলে অনিশ্চয়তা, উৎকণ্ঠা তো থেকেই যায়। আশা করি, ইনশাল্লাহ দ্রুতই যুদ্ধ শেষ হবে," বলছিলেন তিনি। ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া উপজেলার রানিখার গ্রামের ওয়াসিম জজ মিয়ার ছোটো ভাই বাহরাইনের মানামায় থাকেন গত পনেরো বছরেরও বেশি সময় ধরে। যুদ্ধ শুরুর পর থেকেই ভাইকে নিয়ে উদ্বেগ, উৎকণ্ঠায় তাদের পরিবারের দিন কাটছে বলে জানিয়েছেন তিনি। "এখানে পরিবারের সবাই আছে। তার ছেলে মেয়েরাও এখানেই আছে। পরশু দিনও জানিয়েছে যে, তারা নিরাপদে আছে। কিন্তু আমাদের সবার জন্যই তো টেনশন হয়," বিবিসি বাংলাকে বলেছেন মি. ওয়াসিম। কুমিল্লার লাঙ্গলকোটের মুন্নি আক্তারের স্বামী হাফিজুল ইসলাম সৌদি আরবের জেদ্দায় থাকেন প্রায় তিন বছর ধরে। মিজ আক্তার বলছেন, "দুইদিন আগে ওনাদের ওখানে এমন অবস্থা হয়েছিল যে, নিশ্বাস নিতে কষ্ট হয়েছে। আমরা তো বাচ্চাকাচ্চাসহ টেনশনে পড়ে গেছি। আল্লাহই জানে কী হয়।"

উদ্বেগ আছে কাজ ও ভিসা নিয়েও

অনেক পরিবার মনে করছে, যুদ্ধ দীর্ঘায়িত হলে নিরাপত্তা সমস্যা প্রকট হয়ে উঠতে পারে এবং তার জের ধরে অনেককে দেশেও ফিরে আসতে বাধ্য হতে পারে। বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের হিসেবে চলতি অর্থ বছরে এখন পর্যন্ত যত প্রবাসী আয় এসেছে, তার প্রায় ৪৫ শতাংশই এসেছে উপসাগরীয় অঞ্চলের ওই ছয় দেশ থেকে। এর মধ্যে সরকারি হিসেবে সৌদি আরবেই আছে প্রায় ২০ লাখ আর সংযুক্ত আরব আমিরাতে আছে ১০ লাখ বাংলাদেশি। এছাড়া, ওমানে ৭ লাখ, কাতারে ৪ লাখের বেশি এবং বাহরাইন ও কুয়েতে দেড় লাখ করে বাংলাদেশি আছে। আবার যুদ্ধ শুরুর পর অনেকে দেশে এসে আটকা পড়ে ভিসার মেয়াদ হারানোর আশঙ্কায় পড়েছেন। এর মধ্যে কাতার সরকার এ ধরনের ভিসার মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত জানিয়েছে। এছাড়া, ইরান যুদ্ধে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে হামলা, পাল্টা হামলার প্রেক্ষাপটে প্রবাসীদের বিশেষ সতর্কতা অবলম্বন এবং সামরিক স্থাপনা থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছে ৬ দেশের বাংলাদেশ দূতাবাস। দূতাবাসের বিজ্ঞপ্তিতে একইসঙ্গে দেশগুলোর আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে ওইসব দেশের সরকারের বিবৃতি বা নির্দেশনা অনুযায়ী চলার অনুরোধ করা হয়। "আকাশে ক্ষেপণাস্ত্র বা ড্রোন প্রতিহত করার দৃশ্য, বিভিন্ন স্থাপনায় হামলার ঘটনা, সামরিক অভিযান, সামরিক ঘাঁটি, সামরিক যানবাহনের চলাচল কিংবা এ ধরনের সংবেদনশীল স্থাপনার ছবি বা ভিডিও ধারণ করা, সামাজিক যোগাযোগ মাধ্যমে এ সংক্রান্ত ছবি বা ভিডিও আপলোড করা, অথবা ভিত্তিহীন কোনো সংবাদ প্রচার না করতে" ওইসব দেশের সরকারের যে নির্দেশনা, সেগুলো সব বাংলাদেশিকে মেনে চলতে পরামর্শ দিয়েছে উপসাগরীয় অঞ্চলের দেশগুলোতে থাকা বাংলাদেশ দূতাবাস। এছাড়া, বিপদ কেটে না যাওয়া পর্যন্ত খুব প্রয়োজন ছাড়া বাইরে না যাওয়া, খোলা আকাশের নিচে না যাওয়া এবং অযথা জমায়েত না হতে পরামর্শ দেওয়া হয়েছে। পাশাপাশি, পরিস্থিতি বিবেচনায় নগদ টাকা, আইডি, পাসপোর্ট, প্রয়োজনীয় ঔষধ, মোবাইল চার্জার ও পাওয়ার ব্যাংক, পানি ও শুকনো খাবারসহ প্রয়োজনীয় জিনিসপত্র সব সময় নিজের সঙ্গে রাখার পরামর্শ দিয়েছে বাংলাদেশ দূতাবাস।

এদিকে, প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী শনিবার সিলেটে এক অনুষ্ঠানে মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি দীর্ঘ হওয়ার প্রেক্ষাপটে নেওয়া পদক্ষেপ সম্পর্কে বলেছেন, প্রবাসীদের সহায়তার জন্য প্রবাসীকল্যাণ মন্ত্রণালয় একটি হটলাইন চালু করেছে এবং প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সিভিল এভিয়েশন আমরা যৌথভাবে কাজ করছি। "মন্ত্রণালয়ে যোগাযোগ করলে সরকার সামর্থ্য অনুযায়ী সহায়তা করবে। প্রবাসীদের যে-কোনো সমস্যা সমাধানের জন্য সরকার অঙ্গীকারবদ্ধ," বলেছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৩.২০২৬ আলী আহমেদ)

## মো. সাহাবুদ্দিনই রাষ্ট্রপতি থাকছেন, নাকি পরিবর্তন করবে বিএনপি?

বাংলাদেশে বিএনপির নতুন সরকার এ মুহূর্তে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে সরিয়ে দেওয়া বা ওই পদে পরিবর্তনের চিন্তা করছে না। রাষ্ট্রপ্রধানের পদে পরিবর্তনের প্রশ্নে সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ে এখনো কোনো আলোচনা হয়নি বলেই সংশ্লিষ্ট একাধিক সূত্র জানাচ্ছে। তবে ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে বড়ো বিজয় নিয়ে বিএনপি সরকার গঠনের পর থেকেই রাষ্ট্রপতি পরিবর্তন প্রশ্নে নানা আলোচনা চলছে রাজনীতিতে। এমনকি বিএনপির কারা রাষ্ট্রপতি হতে পারেন, অনেক নাম দিয়েও খবর হচ্ছে সংবাদমাধ্যমে। সামাজিক মাধ্যমেও রয়েছে অনেক নাম নিয়ে আলোচনা। দলটির নেতা-কর্মীদেরও অনেকে ধারণা করছেন, রাষ্ট্রপতি পদে পরিবর্তন আসতে পারে। যদিও বিএনপির নীতি-নির্ধারণী পর্যায়ের একাধিক নেতা বিবিসি বাংলাকে বলেছেন, বর্তমান রাষ্ট্রপতির মেয়াদের এখনো অনেকটা সময় বাকি আছে। ফলে সংবিধান অনুযায়ী এখনই রাষ্ট্রপতি নির্বাচনের বিষয় নেই। তারা এই প্রশ্নও করছেন যে, রাষ্ট্রপতি নির্বাচনের প্রশ্ন কেন তোলা হচ্ছে?

প্রসঙ্গত, ক্ষমতাচ্যুত শেখ হাসিনার সরকারের আমলে ২০২৩ সালের ২৪ এপ্রিল পাঁচ বছর মেয়াদে রাষ্ট্রপতি পদে দায়িত্বে আসেন মো. সাহাবুদ্দিন। ফলে তার মেয়াদ রয়েছে ২০২৮ সালের এপ্রিল মাস পর্যন্ত। সংবিধান বিশেষজ্ঞরা বলছেন, যেহেতু মেয়াদ রয়েছে, সেখানে মো. সাহাবুদ্দিন যদি পদত্যাগ না করেন অথবা তাকে অভিশংসন বা অপসারণ না করা পর্যন্ত নতুন রাষ্ট্রপতি নির্বাচনের আইনগত সুযোগ নেই। কিন্তু জুলাই গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সময়ে রাষ্ট্রপতি হয়েছেন মো. সাহাবুদ্দিন। ফলে আলোচনায় আসছে, সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পাওয়া বিএনপি সরকার চাইলেই রাষ্ট্রপতি পরিবর্তন করতে পারে, সেটা তারা করবে কি না।

আসলে কী করবে বিএনপি

রাষ্ট্রপতি পরিবর্তনের প্রশ্নে বিএনপির শীর্ষ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান এখনো তাদের শীর্ষ পর্যায়ের অন্য নেতাদের সঙ্গে আনুষ্ঠানিক কোনো আলোচনা করেননি বলে জানা গেছে। দলটির স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেছেন, বিষয়টি নিয়ে তাদের মধ্যে কোনো আলোচনা হয়নি। সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ের আরেকজন নেতার বক্তব্য হচ্ছে, জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগের শাসনের পতনের পর, সেই আন্দোলনের নেতৃত্বের একটা অংশ রাষ্ট্রপতির পদ থেকে মো. সাহাবুদ্দিনের পদত্যাগের দাবি তুলেছিল। বিএনপি নেতাদের অনেকের ধারণা, সদ্য বিদায় নেওয়া অন্তর্বর্তী সরকারের একটা অংশও ওই দাবির পেছনে ছিল। সে সময় সংবিধান সমুন্নত রাখার কথা উল্লেখ করে বিএনপি প্রকাশ্যে অবস্থান নিয়েছিল রাষ্ট্রপতির পদত্যাগের দাবির বিপক্ষে। তখন তাদের যুক্তি ছিল, রাষ্ট্রপতিকে সরিয়ে দেওয়া হলে দেশে সংবিধান ও আইন-বহির্ভূত একটা অরাজকতা বা নৈরাজ্যকর পরিস্থিতি সৃষ্টি হবে। কোনো কোনো মহল সে ধরনের পরিস্থিতি তৈরি করতে চেয়েছিল। সেই উদাহরণ টেনে সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ের ওই নেতা জানান, বিএনপি এবং তাদের সরকার এখন পর্যন্ত সংবিধান সমুন্নত রাখার পুরোনো অবস্থানেই আছে। বিএনপি নেতৃত্ব নতুন ত্রয়োদশ জাতীয় সংসদ গঠনসহ সামনে চলার ক্ষেত্রে সংবিধান সমুন্নত রাখার কথা বলছেন। সে অনুযায়ী, জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসতে যাচ্ছে আগামী ১২ মার্চ।

সংসদ অধিবেশনের প্রথম দিনেই স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে। নিয়ম অনুযায়ী, রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সংসদের প্রথম অধিবেশনের প্রথম দিনে ভাষণ দেওয়ার কথা রয়েছে। জুলাই আন্দোলনে নেতৃত্ব দেওয়া তরুণদের দল জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি এখন জাতীয় সংসদে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের এই ভাষণেরও বিরোধিতা করছে। তারা রাষ্ট্রপতিকে সংসদে অভিশংসন বা অপসারণের দাবিও তুলেছে। তাদের যুক্তি, জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর নির্বাচনের মাধ্যমে নতুন সংসদ গঠিত হচ্ছে। সেই সংসদে ক্ষমতাচ্যুত সরকারের আমলের রাষ্ট্রপতি ভাষণ দিতে পারেন না। এনসিপির এই অবস্থানের প্রতি সংসদের প্রধান বিরোধী দল জামায়াতে ইসলামীরও সমর্থন রয়েছে বলে দলটির একাধিক নেতার সঙ্গে কথা বলে মনে হয়েছে।

আইনজ্ঞরা বলছেন, এনসিপি ও জামায়াতের এমন অবস্থান পুরোনো ও রাজনৈতিক। কারণ অন্তর্বর্তী সরকারের শুরু থেকেই তাদের এই অবস্থান ছিল রাষ্ট্রপতির বিরুদ্ধে। বিএনপি অবশ্য এনসিপিসহ বিভিন্ন দলের ওই অবস্থানকে আমলে নিচ্ছে না। সংসদের প্রথম অধিবেশনের প্রথম দিনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ভাষণের প্রস্তুতি নেওয়া হচ্ছে। এর মানে, বিএনপি সরকার এখনই রাষ্ট্রপতি পরিবর্তনের পথে যাচ্ছে না এবং পরিবর্তন করতে চাইলে সেজন্য সময় নেবে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকেরা। সরকারের ভেতরেও এ নিয়ে এখনো কোনো আলোচনা নেই বলেও সংশ্লিষ্টরা বলছেন। আর বিএনপির শীর্ষ নেতা তারেক রহমান যেহেতু দলের বা সরকারের অন্য নীতি-নির্ধারকদের সঙ্গে রাষ্ট্রপতিকে নিয়ে এখনো কোনো আলোচনা করেননি, ফলে তারা সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতিকে বহাল রাখার পুরোনো অবস্থানেই থাকার কথা বলছেন। কিন্তু ভিন্নমতও আছে বিএনপির সাধারণ নেতা-কর্মীদের মধ্যে। তাদের কেউ কেউ বলছেন, জাতীয় সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে সরকার গঠন করেছে বিএনপি। সেখানে ভিন্ন রাজনীতির কাউকে রাষ্ট্রের সর্বোচ্চ পদে বহাল রেখে সংবিধান সমুন্নত রাখার বিষয়টি তাদের কাছে যৌক্তিক নয়। তাদের বক্তব্য হচ্ছে, নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ সরকারই সংবিধান সমুন্নত রাখবে এবং বিএনপি চাইলেই রাষ্ট্রপতি পরিবর্তন করতে পারে। তবে যারা আপাতত রাষ্ট্রপতির পরিবর্তন চান না, তারা চান সরকারের পাঁচ বছরের মেয়াদ শেষ হওয়ার পরও যেন তাদের নির্বাচিত রাষ্ট্রপতির মেয়াদ থাকে। আপাতত রাষ্ট্রপতি পরিবর্তন না করার চিন্তার পেছনে এটি অন্যতম যুক্তি হিসেবে আসছে।

রাষ্ট্রপতির ভাষণের প্রস্তুতি

যদিও রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সংসদে ভাষণ দেওয়ার বিরোধিতা করছে এনসিপিসহ বিভিন্ন দল। কিন্তু বিএনপি সরকারের পক্ষ থেকে জাতীয় সংসদের জন্য রাষ্ট্রপতির ভাষণ তৈরি করা হয়েছে। বৃহস্পতিবার প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে মন্ত্রিসভার বৈঠকে রাষ্ট্রপতির ভাষণ নিয়ে আলোচনাও করা হয়েছে বলে জানা গেছে। মন্ত্রিপরিষদ বিভাগের একজন কর্মকর্তা জানিয়েছেন, সংসদের জন্য রাষ্ট্রপতির ভাষণ এখন প্রস্তুত। এখানে উল্লেখ করা প্রয়োজন, নিয়ম অনুযায়ী রাষ্ট্রপতির ভাষণে কী থাকবে, তা সরকারের পক্ষ থেকে ঠিক করে মন্ত্রিসভায় অনুমোদন করতে হয়। অর্থাৎ যখন যে রাজনৈতিক সরকার থাকে, সংসদের প্রথম অধিবেশনে বা বছরের প্রথম অধিবেশনের প্রথম দিনে রাষ্ট্রপতির ভাষণে সেই সরকারের বক্তব্য তুলে ধরা হয়। এর আগে, রাষ্ট্রপতিরা সেভাবেই ভাষণ দিয়েছেন সংসদে। শুধু ব্যতিক্রম করেছিলেন সাবেক প্রধানবিচারপতি সাহাবুদ্দীন আহমদ। শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ ১৯৯৬ সালে তাদের প্রথম সরকারে এসে রাষ্ট্রপতি নির্বাচিত করেছিল বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে। তিনি পাঁচ বছর রাষ্ট্রপতি থাকার সময় সংসদে বছরের প্রথম অধিবেশনে তৎকালীন সরকার অনুমোদিত ভাষণ পড়তেন। তিনি ভাষণের শেষে গিয়ে দুই-একটি বাক্য নিজ থেকে বলতেন এবং সেটাই শিরোনাম হতো সংবাদ মাধ্যমে। আওয়ামী লীগের সেই সরকারের এক পর্যায়ে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সম্পর্কের টানাপড়েন তৈরি হয়েছিল, এর পেছনে বিভিন্ন কারণের মধ্যে সংসদে বিচারপতি আহমদের স্বাধীনভাবে দুই-একটি বাক্য বলার বিষয়টিও অন্যতম কারণ ছিল, যা নিয়ে সে সময় অনেক আলোচনাও হয়েছে।

এখন বিএনপি সরকার সংসদে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ভাষণ দেওয়ার ব্যাপারে যে ব্যবস্থা নিচ্ছে, তাতেই নতুন সরকার সংবিধানের বিরোধিতাকারীদের জন্য একটি বার্তা দিচ্ছে বলে বিশ্লেষকেরা মনে করেন। তারা বলছেন, আগের রাষ্ট্রপতিকে বহাল রেখে বিএনপি সরকার তাদের যাত্রার প্রথম পর্যায়ে সংসদ গঠন করাসহ সাংবিধানিক কাজগুলো সেরে নিতে চাইছে। একইসঙ্গে সংবিধান সমুন্নত রাখার যে কথা দলটি বলে আসছে, সেই অবস্থানে থাকার ব্যাপারেও একটি বার্তা দেওয়া হচ্ছে বিরোধীদের প্রতি। কিন্তু এমন অবস্থান নিয়ে বিএনপির ভেতরেও প্রশ্ন আছে।

রাষ্ট্রপতি নির্বাচন করা যায় কখন

প্রথমত, রাষ্ট্রপতির পদে থাকা ব্যক্তি নিজে থেকে পদত্যাগ করলে ওই পদ শূন্য হবে। তখন রাষ্ট্রপতি নির্বাচনে কোনো বাধা থাকে না। সংবিধান অনুযায়ী, জাতীয় সংসদে রাষ্ট্রপতিকে অভিশংসন করা যেতে পারে। কিন্তু সেক্ষেত্রে সংবিধান লঙ্ঘন ও গুরুতর অসদাচরণের অভিযোগ থাকতে হবে। এই অভিশংসন প্রশ্নে সংবিধানে যা বলা আছে, সাধু ভাষায় ওই অংশ হুবহু তুলে ধরা হলো-

৫২। ১. এই সংবিধান লঙ্ঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগে রাষ্ট্রপতিকে অভিশংসিত করা যাইতে পারিবে; ইহার জন্য সংসদের মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ অংশের স্বাক্ষরে অনুরূপ অভিযোগের বিবরণ লিপিবদ্ধ করিয়া একটি প্রস্তাবের নোটিশ স্পিকারের নিকট প্রদান করিতে হইবে; স্পীকারের নিকট অনুরূপ নোটিশ প্রদানের দিন হইতে চৌদ্দ দিনের পূর্বে বা ত্রিশ দিনের পর এই প্রস্তাব আলোচিত হইতে পারিবে না এবং সংসদ অধিবেশনরত না থাকিলে স্পিকার অবিলম্বে সংসদ আহ্বান করিবেন।

২. এই অনুচ্ছেদের অধীন কোনো অভিযোগ তদন্তের জন্য সংসদ কর্তৃক নিযুক্ত বা আখ্যায়িত কোনো আদালত, ট্রাইব্যুনাল বা কর্তৃপক্ষের নিকট সংসদ রাষ্ট্রপতির আচরণ গোচর করিতে পারিবেন।

৩. অভিযোগ-বিবেচনাকালে রাষ্ট্রপতির উপস্থিত থাকিবার এবং প্রতিনিধি-প্রেরণের অধিকার থাকিবে।

এছাড়া সংবিধানে বলা হয়েছে, শারীরিক ও মানসিক অসামর্থের কারণে সংসদে সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে রাষ্ট্রপতিকে অপসারণ করা যায়। তখন সংসদে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের সুযোগ তৈরি হয়।

বিএনপি কী অভিশংসনের পথে যাবে?

অভিশংসন বা অপসারণ-এই উপায়গুলো অনুসরণ করলে রাষ্ট্রপতিকে সরানোর দায় সংসদে সংখ্যাগরিষ্ঠ দলের ওপর বর্তায় বলে উল্লেখ করেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী শাহদীন মালিক। বিএনপির নীতি-নির্ধারণী পর্যায়ের একাধিক নেতা বলছেন, এ মুহূর্তে এই দুই পথের কোনো পথই অনুসরণ করতে চান না তারা। সেক্ষেত্রে রাষ্ট্রপতি পদ থেকে মো. সাহাবুদ্দিন নিজ থেকে পদত্যাগ করলে পরিবর্তনের সুযোগ তৈরি হতে পারে বলে বিশ্লেষকেরা বলছেন। প্রসঙ্গত, ভোটের আগে গত ডিসেম্বর মাসে বার্তা সংস্থা রয়টার্সকে হোয়াটসঅ্যাপে দেওয়া একটি সাক্ষাৎকারে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেছিলেন, ফেব্রুয়ারির নির্বাচনের পর তিনি সরে যেতে চান। কারণ অন্তর্বর্তী সরকারের আমলে তিনি "অপমানিত বোধ করছেন"। রাষ্ট্রপতিকে পদত্যাগ করতে হয় জাতীয় সংসদের স্পিকারের কাছে। সংবিধান অনুযায়ী, স্বেচ্ছায় পদত্যাগ করলে অভিশংসনের প্রয়োজন হয় না। ১২ মার্চ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের প্রথম দিনেই নতুন স্পিকার নির্বাচিত হবেন। তবে, মো. সাহাবুদ্দিনের পদত্যাগের প্রশ্নে তার সেই আগের অবস্থান থেকে কিছুটা ভিন্ন বক্তব্য এসেছে এখন। সম্প্রতি কালের কণ্ঠ পত্রিকায় তার একটি সাক্ষাৎকারে প্রশ্ন করা হয়েছিল, বিএনপি যদি মনে করে, তারা নিজেদের মতো রাষ্ট্রপতি চায়, সে ক্ষেত্রে আপনি কী করবেন? জবাবে তিনি বলেছেন, "যদি তারা মনে করে আমি থাকি, তাহলে আমি থাকব আর যদি বলে যে, সরে যাওয়া ভালো, তাহলে আমি নিজেই সম্মানজনকভাবে সরে যাব।"

এদিকে, যদিও বিএনপি সরকারের উচ্চপর্যায়ের কেউ কেউ বলছেন, অভিশংসন বা অপসারণের পথে যেতে চান না তারা। কিন্তু সংসদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে বিএনপি রাষ্ট্রপতি পরিবর্তনের জন্য সংবিধানে থাকা যে-কোনো উপায়ই ব্যবহার করতে পারে। সেখানে কোনো বিতর্ক কিংবা দায় এড়াতে, অভিশংসন বা অপসারণের সেই পথে না গিয়েও বিএনপি চাইলে রাষ্ট্রপতিকে পদত্যাগের জন্য বলতে পারে। তাতে জটিলতা দেখেন না বিএনপি নেতাদেরই অনেকে। সরকারের কোনো দায়িত্বে নেই, বিএনপির নীতি-নির্ধারণী পর্যায়ের এমন একজন নেতা জানিয়েছেন, রাষ্ট্রপতি পদে মো. সাহাবুদ্দিনের মেয়াদ ২০২৮ সালের এপ্রিল পর্যন্ত আরও দুই বছর রয়েছে। এত লম্বা সময় ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের রাষ্ট্রপতিকে রাখা হবে, এটাও মনে করেন না তাদের অনেকে। অন্যদিকে, সরকার ও বিএনপির নেতাদের যারা সংবিধান সমুন্নত রাখতে মো. সাহাবুদ্দিনকেই রাষ্ট্রপতি হিসেবে আপাতত বহাল রাখার কথা বলছেন, তাদের অবশ্য ভিন্ন একটা হিসাব-নিকাশ আছে। সেটি যদি এভাবে বলা যায় যে, জুলাই সনদ বাস্তবায়ন বা সংস্কারের প্রতিশ্রুতি অনুযায়ী, জাতীয় নির্বাচন পরিচালনার জন্য সংবিধান সংশোধন করে তিন মাস মেয়াদের তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ফেরত আনতে হবে। সেই পরিস্থিতি বিবেচনায় রাখছেন বিএনপির ওই নেতারা। কারণ, বিএনপি সরকার এখন নতুন রাষ্ট্রপতি নির্বাচিত করলে, তার মেয়াদও পাঁচ বছর পর এই সরকারের মেয়াদের সঙ্গে শেষ হবে। ফলে তত্ত্বাবধায়ক সরকার গঠিত হলে তখন বিএনপির রাষ্ট্রপতি থাকবে না। এছাড়া, তত্ত্বাবধায়ক সরকার যেহেতু নির্বাচিত হবে না, সে সময় রাষ্ট্র প্রধানের পদে নির্বাচিত ব্যক্তি না থাকলে সাংবিধানিক, রাজনৈতিক সংকট হতে পারে। সেজন্য বিএনপি সরকারের মেয়াদ শেষ হওয়ার পরও যাতে একটা যথাযথ সময়ের জন্য রাষ্ট্রপতির মেয়াদ থাকে, সেটি

চান সরকার ও দলের নীতি-নির্ধারণী পর্যায়ের নেতাদের অনেকে। এমন প্রেক্ষাপটে মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতি পদে বহাল রেখে তার মেয়াদ শেষে নতুন রাষ্ট্রপতি নির্বাচন বা তার আগেও তাকে পরিবর্তনের সাংবিধানিক উপায় বিএনপির হাতে আছে।

ফলে দলটির নীতিনির্ধারণী পর্যায়ের নেতারা এখনই নতুন রাষ্ট্রপতি নির্বাচন প্রশ্নে চিন্তিত নন বলে মনে হয়েছে। তবে বিএনপির সাধারণ নেতা-কর্মীরা মনে করছেন, রাষ্ট্রপতি পরিবর্তনের প্রশ্নে তাদের শীর্ষ নেতা যেহেতু তার চিন্তা বা মনোভাব এখনো প্রকাশ করেননি। ফলে নতুন জাতীয় সংসদ যাত্রা শুরুর পর বিষয়টিতে দল ও সরকারের অবস্থান স্পষ্ট হতে পারে যে, মো. সাহাবুদ্দিনই রাষ্ট্রপতি হিসেবে আপাতত বহাল থাকছেন, নাকি পরিবর্তন আসবে। উল্লেখ্য, বর্তমান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন অল্প সময়ের ব্যবধানে তিনটি সরকারের শপথ পড়িয়ে উদাহরণ সৃষ্টি করেছেন। আওয়ামী লীগ সরকারের পতনের সাত মাস আগে ২০২৪ সালের ৭ জানুয়ারি একতরফা ও বিতর্কিত নির্বাচনের পর ওই সরকারের প্রধানমন্ত্রী-মন্ত্রীদের শপথ পড়িয়েছিলেন তিনি। আওয়ামী লীগের শাসনের পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের শপথ পড়ান বর্তমান রাষ্ট্রপতি। সর্বশেষ ১২ ফেব্রুয়ারি নির্বাচনের পর তিনি শপথ পড়ান তারেক রহমানের নেতৃত্বাধীন বিএনপি সরকারকে।(বিবিসি ওয়েব পেজ : ০৭.০৩.২০২৬ আলী আহমেদ)

## প্রতিবেশীরা 'হামলা না করলে' আক্রমণ করবে না ইরান : মাসুদ পেজেশকিয়ান

প্রতিবেশী দেশগুলো থেকে 'প্রথমে হামলা না হলে' ইরানও তাদের ওপর হামলা করবে না বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে প্রেসিডেন্টের একটি ভিডিও বার্তা প্রচার করা হয়েছে, যেখানে এই বক্তব্য দিয়েছেন তিনি। মি. পেজেশকিয়ান বলেছেন, "যে প্রতিবেশী দেশগুলো আক্রমণের শিকার হয়েছে, তাদের কাছে দুঃখ প্রকাশ করা প্রয়োজন বলে আমি মনে করি।" 'শান্তি প্রতিষ্ঠার' জন্য আঞ্চলিক সহযোগিতার আহ্বান জানিয়ে তিনি বলেন, "প্রতিবেশী দেশগুলোতে আক্রমণ করার কোনো ইচ্ছা আমাদের নেই।" "এখন থেকে, প্রথমে হামলা না করা পর্যন্ত প্রতিবেশী দেশগুলোতে আক্রমণ না করার" নির্দেশনা সশস্ত্র বাহিনীকে দেওয়া হয়েছে বলেও জানান মি. পেজেকশিয়ান। ইসরায়েল বা মার্কিন যুক্তরাষ্ট্রকে সমর্থন করা "সম্মান ও স্বাধীনতার পথ নয়" উল্লেখ করে ইরানের প্রেসিডেন্ট বলেন, "ইরানে আক্রমণ করার জন্য যারা এই মুহূর্তটিকে কাজে লাগাতে চাইছেন, তাদের সাম্রাজ্যবাদের পুতুল হওয়া উচিত হবে না।"(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## ইরানি রেড ক্রিসেন্টের সঙ্গে যুক্ত ৬৫টি স্কুলের হামলার দাবি

ইরানের রেড ক্রিসেন্ট সোসাইটির প্রধান পিরহোসেইন কোলিভান্দ বলেছেন, রেড ক্রিসেন্টের সঙ্গে যুক্ত ৬৫টি স্কুল এবং ১৩টি কেন্দ্র এখন পর্যন্ত ইসরায়েলি ও মার্কিন হামলার লক্ষ্যবস্তু হয়েছে। বিবিসি নিউজ ফার্সির এক খবরে এই তথ্য জানানো হয়। তিনি জানান, দেশের বিভিন্ন অঞ্চলে ৬ হাজার ৬৬৮টি বেসামরিক ইউনিটকেও এসব হামলায় টার্গেট করা হয়েছে, যার মধ্যে রয়েছে ৫ হাজার ৫৩৫টি আবাসিক ইউনিট এবং ১০ হাজার ৪১টি বাণিজ্যিক ইউনিট। মি. কোলিভান্দ আরও বলেন, এসব হামলায় বেশ কিছু উদ্ধারযানও ক্ষতিগ্রস্ত হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## জর্ডানে যুক্তরাষ্ট্রের ৩০ কোটি ডলারের রাডার ব্যবস্থা ধ্বংস করেছে ইরান : ব্লুমবার্গ

একজন মার্কিন কর্মকর্তার বরাত দিয়ে ব্লুমবার্গ জানিয়েছে, উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ ৩০ কোটি ডলারের একটি রাডার ব্যবস্থা ইরান ধ্বংস করেছে, যা ভবিষ্যতে হামলা প্রতিহত করার আঞ্চলিক সক্ষমতাকে দুর্বল করে দিতে পারে। ব্লুমবার্গ জানায়, সিএনএনের বিশ্লেষিত স্যাটেলাইট চিত্রে দেখা গেছে যে, যুদ্ধের শুরুর দিকেই জর্ডানের মুওয়াফফাক সালতি বিমান ঘাঁটিতে যুক্তরাষ্ট্রের থাড ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থায় ব্যবহৃত আরটিএক্স করপোরেশনের এএন/টিপিওয়াই-২ রাডার ও ব্যাটারিসহ সহায়ক সরঞ্জাম ধ্বংস হয়ে গেছে। একজন মার্কিন কর্মকর্তা পরে এই সরঞ্জাম ধ্বংস হওয়ার বিষয়টি নিশ্চিত করেন। ব্লুমবার্গ আরও জানিয়েছে, যুক্তরাষ্ট্রের বিশ্বজুড়ে মোট আটটি থাড ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা রয়েছে, যার মধ্যে দক্ষিণ কোরিয়া ও গুয়ামও অন্তর্ভুক্ত। কেন্দ্র ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজের মতে, প্রতিটি ব্যাটারির মূল্য প্রায় এক বিলিয়ন ডলার, যার মধ্যে প্রায় ৩০ কোটি ডলার রাডারের জন্য ব্যয় হয়। (বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালিতে তেলবাহী জাহাজে হামলার খবর জানালো ইরান

উপসাগরীয় অঞ্চলে হরমুজ প্রণালি দিয়ে যাওয়ার সময় একটি তেলবাহী জাহাজ লক্ষ্য করে হামলার খবর জানিয়েছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি। টেলিগ্রামে শেয়ার করা একটি বিবৃতিতে বলা হয়েছে যে, 'প্রাইমা' নামে একটি তেলবাহী ট্যাংকারকে ড্রোন দিয়ে আঘাত করা হয়েছে। এই প্রণালি দিয়ে "যানচলাচল নিষিদ্ধ" করার বিষয়ে আগেই "বারবার সতর্কতা" জারি করেছিল আইআরজিসি নৌবাহিনী। আইআরজিসি আরও জানিয়েছে যে, তারা "শত্রু দেশগুলোর সঙ্গে বন্ধুত্ব রয়েছে" এমন দেশের তেল ট্যাংকার এবং বাণিজ্যিক জাহাজগুলোকেও প্রণালি দিয়ে যেতে দিচ্ছে না। বিশ্বের জ্বালানি পরিবহণের সবচেয়ে গুরুত্বপূর্ণ পথগুলোর একটি হরমুজ প্রণালি এবং বিশ্বের তেল ও গ্যাসের প্রায় এক পঞ্চমাংশ এই পথ দিয়েই যায়। মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে এই পথে জাহাজ চলাচল কার্যত স্থবির হয়ে পড়েছে। ইরান এই সপ্তাহের শুরুতে সতর্ক করেছিল যে, যে-সব জাহাজ এই অঞ্চল দিয়ে যাওয়ার

চেষ্টা করবে, সেগুলোতে 'আগুন ধরিয়ে' দেওয়া হবে। যদিও এই বার্তার বিপরীতে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন যে, 'প্রয়োজনে' মার্কিন নৌবাহিনী এই পথ দিয়ে যাওয়া জাহাজগুলোকে পাহারা দিতে পারে।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## আজ ইরানকে খুব কঠিনভাবে আঘাত করা হবে : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ট্রুথ সোশ্যাল প্ল্যাটফর্মে একটি বার্তা শেয়ার করেছেন। ইরানের প্রেসিডেন্টের মন্তব্যের প্রতি ইঙ্গিত করে ট্রাম্প বলেন, ইরান "তার মধ্যপ্রাচ্যের প্রতিবেশীদের কাছে ক্ষমা চেয়েছে এবং আত্মসমর্পণ করেছে এবং প্রতিশ্রুতি দিয়েছে যে, আর তাদের দিকে গুলি চালাবে না।" তিনি বলেন, "যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের অবিরাম হামলার কারণেই এই প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।" প্রসঙ্গত, ইরান তার আশপাশের যে-সব দেশে হামলা চালিয়েছে, সেগুলোর কাছে আজ দুঃখ প্রকাশ করেছেন দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। কোনো দেশ থেকে 'প্রথমে হামলা না হলে' আক্রমণ করা হবে না বলেও আশ্বাস দিয়েছেন তিনি। তবে ইরান তার প্রতিবেশীদের ওপর হামলা পুরোপুরি কমায়নি, দুবাই আন্তর্জাতিক বিমানবন্দরের কাছে একটি সন্দেহভাজন ড্রোন হামলা দেখা গেছে। কাতারও জানিয়েছে যে, তারা একটি ক্ষেপণাস্ত্র প্রতিহত করেছে। পোস্টের পরের অংশে ট্রাম্প বলেন, "আজ ইরানকে খুব কঠিনভাবে আঘাত করা হবে!" "সম্পূর্ণ ধ্বংস আর নিশ্চিত মৃত্যু জন্য গুরুতরভাবে বিবেচনাধীন" রয়েছে "এমন সব এলাকা ও ব্যক্তিগোষ্ঠী, যাদের এই মুহূর্ত পর্যন্ত লক্ষ্য হিসেবে ধরা হয়নি," লিখেছেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## ধ্বংসপ্রাপ্ত স্থানের ছবি শেয়ার করলে 'কঠোর' প্রতিক্রিয়ার হুঁশিয়ারি ইরানের

ইরানের গোয়েন্দা মন্ত্রণালয় সতর্ক করে বলেছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ক্ষতিগ্রস্ত স্থানের ছবি বা ভিডিও শেয়ার করলে তাদের বিরুদ্ধে 'কঠোর ব্যবস্থা' নেওয়া হবে। মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, ক্ষতিগ্রস্ত এলাকা থেকে ছবি তোলা এবং সেগুলোকে "সন্ত্রাসী স্যাটেলাইট নেটওয়ার্ক, ভার্চুয়াল পেজ ও শত্রুপক্ষের কারো কাছে বা তাদের গণমাধ্যম চ্যানেলে" পাঠানো ব্যক্তিরা ইসরায়েলের হয়ে কাজ করা ভাড়াটে। মন্ত্রণালয় বলেছে, তারা এই ধরনের "ইসরায়েলের সৈনিকদের" কর্মকাণ্ড নজরদারি করবে এবং তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেবে। পাশাপাশি, জনসাধারণকে এমন কার্যকলাপের তথ্য জানানোর আহ্বান জানানো হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## এক সপ্তাহে ১১৯টি ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে ইরান, দাবি জর্ডানের

গত এক সপ্তাহে ১১৯টি ক্ষেপণাস্ত্র এবং ড্রোন দিয়ে জর্ডানের ভূখণ্ডে হামলা চালিয়েছে ইরান- জর্ডানের রাজধানী আম্মানে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানিয়েছে দেশটির সশস্ত্র বাহিনী। এর মধ্যে ৬০টি ক্ষেপণাস্ত্র এবং ৫৯টি ড্রোন ব্যবহার করা হয়েছিল বলেও তারা জানায়। জর্ডানের বিমান বাহিনী ১০৮টি ক্ষেপণাস্ত্র এবং ড্রোন আটকাতে ও ধ্বংস করতে সক্ষম হয়েছে বলেও জানানো হয়। এছাড়া ১১টি ক্ষেপণাস্ত্র এবং ড্রোন আটকে দিয়েছে জর্ডানের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা। এসব ঘটনায় ১৪ জন আহত হওয়ার খবরও জানিয়েছে জর্ডানের সশস্ত্র বাহিনী, যার বেশিরভাগই 'সামান্য আঘাত' বলেও দাবি করা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## ইরানের প্রেসিডেন্টের বার্তা 'স্পষ্ট', বললেন মুখপাত্র

"প্রেসিডেন্ট পেজেশকিয়ানের বার্তা স্পষ্ট, যদি আমাদের উপর আক্রমণে এই অঞ্চলের দেশগুলো যুক্তরাষ্ট্রকে সহযোগিতা না করে, তাহলে আমরাও তাদের উপর আক্রমণ করব না"- ইরানের রাষ্ট্রীয় টেলিভিশনে প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের দেওয়া বার্তা নিয়ে এই মন্তব্য করেছেন দেশটির প্রেসিডেন্ট কার্যালয়ের যোগাযোগ উপ-প্রধান। তিনি বলেন, "ইসলামী প্রজাতন্ত্র ইরান কখনই আগ্রাসনের সামনে মাথা নত করে না এবং আমাদের শক্তিশালী সশস্ত্র বাহিনীর জারি করা নির্দেশিকা অনুসারে, যে-কোনো আগ্রাসনের সমুচিত জবাব দেবে।" প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান এর আগে প্রতিবেশী রাষ্ট্রগুলোর কাছে দুঃখ প্রকাশ করেছিলেন এবং বলেছিলেন যে, কোনো দেশ "প্রথমে আক্রমণ না করা পর্যন্ত" তাদের উপর আক্রমণ করবে না তেহরান। যদিও ইরানের প্রতিবেশী দেশগুলো থেকে শুক্রবারও ক্ষেপণাস্ত্র এবং ড্রোন হামলা প্রতিহত করার খবর পাওয়া গেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## লেবাননে রাতভর হামলা চালিয়েছে ইসরায়েল

লেবাননে হিজবুল্লাহর সক্ষমতা "ক্রমশ হ্রাস" পাচ্ছে বলে দাবি করেছে ইসরায়েল সামরিক বাহিনী বা আইডিএফ। টেলিগ্রামে দেওয়া এক পোস্টে ইসরায়েলি সামরিক বাহিনী লিখেছে যে, তারা দক্ষিণ লেবানন এবং বেকা উপত্যকায় "রকেট লঞ্চার, অস্ত্র সংরক্ষণাগার এবং সামরিক স্থাপনা লক্ষ্য করে হামলা" চালিয়েছে। হিজবুল্লাহর অভিজাত কমান্ডো ইউনিট, রাদওয়ান ফোর্সের কমান্ডারদের লক্ষ্য করে হামলা চালানো হয়েছে বলেও জানিয়েছে আইডিএফ। এছাড়া, দক্ষিণ লেবাননের মাজদাল সেল এলাকায় দুটি রাদওয়ান কমান্ড সেন্টার ধ্বংসের খবরও নিশ্চিত করেছে তারা। আইডিএফ-এর দাবি, হামলার আগে "বেসামরিক নাগরিকদের ক্ষতি কমানোর জন্য পদক্ষেপ নেওয়া হয়েছিল।" সম্প্রতি, প্রকাশিত ছবিগুলোতে লেবাননের রাজধানী বৈরুতে ব্যাপক ক্ষয়ক্ষতির চিত্র দেখা গেছে। এছাড়া, হামলার

লক্ষ্যবস্তু হওয়া এলাকাগুলো থেকে বাসিন্দাদের সরিয়ে নিতে আইডিএফ-এর নির্দেশনার কারণে হাজার হাজার মানুষ তাদের বাড়িঘর থেকে বাস্তুচ্যুত হয়েছেন।(বিবিসি ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ এলিনা)

## রওয়ানা দেওয়ার প্রস্তুতি নিচ্ছে যুক্তরাজ্যের বিমানবাহী রণতরি

যুক্তরাজ্যের দুটি বিমানবাহী রণতরির মধ্যে একটি, এইচএমএস প্রিন্স অফ ওয়েলসকে পোর্টসমাউথ থেকে যাত্রা শুরু করার জন্য প্রস্তুত রাখা হয়েছে বলে জানতে পেরেছে বিবিসি। প্রতিরক্ষা সূত্র জানিয়েছে যে, জাহাজের ক্রুদের পাঁচ দিনের মধ্যে রওয়ানা দেওয়ার জন্য প্রস্তুত থাকতে বলা হয়েছে। সাধারণত ১৪ দিন সময় রেখে জাহাজটির "যাত্রা শুরুর নোটিশ" দেওয়া হয়। এর ফলে এটি ভাবা হচ্ছে যে, মধ্যপ্রাচ্যে সংঘাতের কারণে হুমকির মুখে পড়া ব্রিটিশ স্বার্থ রক্ষায় ভূ-মধ্যসাগরে এই জাহাজটি মোতায়েন করা হতে পারে। এদিকে, শত্রুর ড্রোন এবং ক্ষেপণাস্ত্র হামলা থেকে সাইপ্রাসকে রক্ষা করতে দ্রুত পদক্ষেপ না নেওয়ার অভিযোগ উঠেছে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে। ইতোমধ্যে এই অঞ্চলে টাইপ ৪৫ ডেস্ট্রয়ার, এইচএমএস ড্রাগন, মোতায়েন করা হয়েছে। এই বছরের শেষের দিকে উত্তর আটলান্টিক এবং আর্কটিক মহাসাগরে মোতায়েনের পরিকল্পনা ছিল বিমানবাহী রণতরি এইচএমএস প্রিন্স অফ ওয়েলস। সেই লক্ষ্যে পোর্টসমাউথে নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য রাখা হয়েছিল এটি। (বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

## ইরানি নৌবাহিনীর ৪২টি জাহাজ ধ্বংস করেছে যুক্তরাষ্ট্র, দাবি ট্রাম্পের

যুক্তরাষ্ট্র তিনদিনে ইরানের "নৌবাহিনীর ৪২টি জাহাজ" ধ্বংস করেছে বলে দাবি করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এছাড়া, ইরানের বিমান বাহিনী এবং টেলিযোগাযোগ ব্যবস্থাকেও ধ্বংস করার দাবি করেছেন তিনি। শুক্রবার ইরানের পরিস্থিতি নিয়ে দেওয়া বক্তব্যে ট্রাম্প বলেন, আমেরিকা ইরানে "খুব ভালো" করছে, এটা অসাধারণ হয়েছে। চলমান সংঘাতে ইতোমধ্যেই যে-সব মার্কিন কর্মী নিহত হয়েছেন, এই বক্তব্যের পর তাদের পরিবারকে শুভেচ্ছা জানানোর কথাও উল্লেখ করেন ট্রাম্প। মার্কিন প্রেসিডেন্ট বলেন, তারা সকলেই "আমাদের দেশের মহান বীর," যারা "ইরান থেকে তাদের ধারণার চেয়ে ভিন্নভাবে দেশে ফিরছেন।" তিনি আরও বলেন যে, মার্কিন সৈন্যদের মৃত্যু "সর্বনিম্ন" রাখবে যুক্তরাষ্ট্র।(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

## পানি লবণমুক্তকরণ কেন্দ্রে যুক্তরাষ্ট্রের হামলার 'গুরুতর পরিণতি' হতে পারে : ইরানি পররাষ্ট্রমন্ত্রী

যুক্তরাষ্ট্রের মায়ামিতে প্রেসিডেন্ট ট্রাম্প যখন গণমাধ্যমের সঙ্গে কথা বলছেন, ঠিক সেই সময় ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি অভিযোগ করেছেন যে, যুক্তরাষ্ট্র হরমুজ প্রণালির কিশ দ্বীপে একটি "পানি লবণমুক্তকরণ কেন্দ্রে" হামলা চালিয়েছে। তিনি বলেন, এই "ভয়ংকর ও উন্মত্ত অপরাধ" ৩০টি গ্রামের পানির সরবরাহকে প্রভাবিত করেছে। আরাঘচি কোন হামলার কথা উল্লেখ করছেন তা স্পষ্ট নয়, তবে নিউ ইয়র্ক টাইমসের স্যাটেলাইট চিত্র বিশ্লেষণে দেখা গেছে যে, চলতি সপ্তাহের শুরুর দিকে কিশ দ্বীপে ইরানের একটি নৌ ঘাঁটিতে হামলার পর ক্ষয়ক্ষতির চিহ্ন রয়েছে। এক্সে আরাঘচি লিখেছেন, "ইরানের অবকাঠামোর ওপর আক্রমণ একটি বিপজ্জনক পদক্ষেপ, যার গুরুতর পরিণতি রয়েছে"। তিনি আরও যোগ করেন, "এই নজির সৃষ্টি করেছে যুক্তরাষ্ট্র, ইরান নয়"।
(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

## তেহরান বিমানবন্দরে ১৬টি বিমান ধ্বংস করা হয়েছে : ইসরায়েল

ইরানের রাজধানী তেহরানের মেহরাবাদ বিমানবন্দরে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) অন্তর্গত কুদস ফোর্সের ১৬টি বিমান ধ্বংস করেছে বলে দাবি করেছে ইসরায়েল। রাতে ওই স্থানে বিস্ফোরণ এবং বিশাল ধোঁয়ার কুণ্ডলী দেখা গেছে, যা ইরানের সবচেয়ে ব্যস্ত বিমানবন্দর এবং দেশের অভ্যন্তরীণ ফ্লাইট চলাচলের প্রধান কেন্দ্র। ইসরায়েল প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) বলছে, মেহরাবাদ থেকে "অস্ত্রের চালানে ভরা" বিমানগুলো উড্ডয়ন করছিল ইরানের মিত্র গোষ্ঠীগুলোকে সরবরাহ দেওয়ার জন্য। তারা দাবি করেছে যে, হামলায় ধ্বংস হওয়া ১৬টি বিমান হিজবুল্লাহকে দেওয়ার জন্য অস্ত্র পরিবহণ করছিল। আইডিএফ আরও বলেছে যে, একাধিক ইরানি যুদ্ধবিমানকেও লক্ষ্যবস্তু করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

## ইরানে হামলায় জড়ানোর বিষয়ে ব্রিটেনকে সতর্ক করলেন ইরানি রাষ্ট্রদূত

ইরানি রাষ্ট্রদূত সাইয়েদ আলী মৌসাভি ব্রিটেনকে ইরানের ওপর হামলায় জড়িত না হওয়ার সতর্কবার্তা দিয়েছেন। রোববার সম্প্রচারের জন্য নির্ধারিত 'সানডে উইথ লরা কুইন্সবার্গ' অনুষ্ঠানের এক সাক্ষাৎকারে- মৌসাভিকে জিজ্ঞেস করা হয়, ইরানি ক্ষেপণাস্ত্র বা ড্রোন ভূপাতিত করলে ব্রিটিশ যুদ্ধবিমানগুলো কি বৈধ লক্ষ্য হিসেবে বিবেচিত হবে। তিনি বলেন, "এ ব্যাপারে কোনো সন্দেহ নেই যে, আমরা নিজেদের রক্ষা করব" এবং "আমরা আশা করি অন্যরা, ব্রিটিশ সরকারসহ, তাদের কর্মকাণ্ডে অত্যন্ত সংবেদনশীল... অত্যন্ত সতর্ক থাকবে।" রাষ্ট্রদূত আরও বলেন, ব্রিটেন "এই আগ্রাসনে জড়িত ছিল না- এটি ভালো" এবং তিনি বিশ্বাস করেন, ব্রিটিশ সরকার ইরাক আক্রমণ থেকে শিক্ষা নিয়েছে এবং "তারা এই আগ্রাসনের বেআইনি চরিত্র সম্পর্কে জানে।"(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

## 'ক্ষেপণাস্ত্র হামলা' প্রতিহত করা হয়েছে : কাতার

কাতারের প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে যে, তারা কাতারকে লক্ষ্য করে চালানো একটি 'ক্ষেপণাস্ত্র হামলা' প্রতিহত করেছে। মন্ত্রণালয় হামলাটি কারা চালিয়েছে, তা তারা উল্লেখ করেনি। তবে এটি ইরানের প্রেসিডেন্ট মাসাউদ

পেজেশকিয়ানের আগের বক্তব্যের পর এসেছে, যেখানে তিনি বলেছিলেন, ইরান প্রথমে আক্রমণের শিকার না হলে, প্রতিবেশী দেশগুলোর ওপর হামলা করবে না। ।(বিবিসি ওয়েব পেজ: ০৮.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### মধ্যপ্রাচ্যে থাকা জাপানি নাগরিকদের সরিয়ে নেওয়ার কাজ শুরু করবে টোকিও

ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সামরিক অভিযান শুরু হওয়ার এক সপ্তাহ পর, জাপান সরকার দেশের নাগরিকদের মধ্যপ্রাচ্য ত্যাগ করতে সাহায্য করা শুরু করেছে। কুয়েত, বাহরাইন, কাতার এবং সংযুক্ত আরব আমিরাত ত্যাগ করতে ইচ্ছুক জাপানিদের জন্য সরকার স্থল পরিবহণ ব্যবস্থা প্রদান করবে। বাসে করে তাদের ওমান অথবা সৌদি আরবে নিয়ে যাওয়া হবে। এরপর তারা, রবিবার ওমান এবং সোমবার সৌদি আরব থেকে চার্টার্ড ফ্লাইটে রওয়ানা হবেন। সরকারি কর্মকর্তাদের ভাষ্যমতে, তারা অতিরিক্ত পদক্ষেপের বিষয় বিবেচনা করছেন, কারণ সরিয়ে নিতে ইচ্ছুক লোকের সংখ্যা প্রাথমিক ধারণার চেয়ে বেশি হবে বলে ধারণা করা হচ্ছে। জাপানের পররাষ্ট্রমন্ত্রী মোতেগি তোশিমিৎসু বলেন যে, প্রবীণ, গর্ভবতী মহিলা এবং ছোটো শিশু থাকা ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া উচিত হবে।(এনএইচকে ওয়েবপেইজ: ০৭.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে নেই কোনো রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা

১৯৭১ সালে বঙ্গবন্ধুর দেওয়া ৭ মার্চের ভাষণ নিয়ে বাংলাদেশে এবার নেই কোনো রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা। দিনটির জাতীয় দিবসের স্বীকৃতি বাতিল হয়েছিল অন্তর্বর্তী সরকারের আমলেই। ২০২১ সালে বিএনপি ৭ মার্চ নিয়ে ঢাকায় একটি আলোচনা সভার আয়োজন করেছিল। কিন্তু ২০২৪ সালে গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর, ২০২৬ সালের নির্বাচনে জিতে বিএনপি সরকার গঠন করলেও, এবার নেই কোনো রাষ্ট্রীয় বা দলীয় আয়োজন। বরং ৭ মার্চের ভাষণ নিজ উদ্যোগে বাজানোর কারণে দেশের বিভিন্ন স্থানে অনেককে পুলিশের হাতে আটক হওয়ার তথ্য জানিয়েছে বাংলাদেশের গণমাধ্যম। শনিবার সকালে নওগাঁ জেলায় আওয়ামী লীগের ভাঙচুর হওয়া অফিস থেকে ৭ মার্চের ভাষণ কিছু সময়ের জন্য প্রচারের খবর পাওয়া গেছে। সকাল থেকেই ধানমন্ডির ৩২ নাম্বারে বঙ্গবন্ধুর বাড়ির সামনে অবস্থান নিয়েছে পুলিশ। সেখানে কাউকে ঢুকতে দেওয়া হয়নি। বাংলাদেশে ডিডাব্লিউ-এর কনটেন্ট পার্টনার প্রথম আলো জানিয়েছে, ধানমন্ডিতে ফুল দিতে যাওয়ার পথে চারজনকে আটক করেছে পুলিশ। কলাবাগান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফজলে আশিক প্রথম আলোকে জানিয়েছেন, গ্রেফতার হওয়াদের মধ্যে তিনজন নারী ও একজন পুরুষ এবং সন্ত্রাসবিরোধী আইনে মামলা দিয়ে তাদের আদালতে পাঠানো হয়েছে। অন্তর্বর্তী সরকারের ১৮ মাসের শাসনামলে শেখ মুজিবুর রহমানের ছবিও বিভিন্ন দপ্তর থেকে সরিয়ে ফেলা হয়। ঢাকার ধানমন্ডিতে ৩২ নম্বরের বাড়িটিও একাধিকবার ভাঙচুর ও আগুনের হাত থেকে রক্ষা করতে ব্যর্থ হয় অন্তর্বর্তী সরকার।

**বাংলাদেশের ইতিহাসে ৭ মার্চের ভাষণ যে কারণে গুরুত্বপূর্ণ**

২০১৭ সালে ইউনেস্কো এই ভাষণকে ঐতিহাসিক দলিল হিসাবে স্বীকৃতি দেয়। ২০২১ সালে বাংলাদেশের সর্বোচ্চ আদালত ৭ মার্চের ভাষণকে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার আদেশ দেয়। এরপর আওয়ামী লীগের শাসনামলে অষ্টম শ্রেণির পাঠ্য বই "সাহিত্য কণিকায়" ৭ মার্চের ভাষণ অন্তর্ভুক্ত করা হয়। তবে ২০২৬ শিক্ষাবর্ষের জন্য জানুয়ারি মাসে যে বই বিতরণ করা হয়, তা থেকে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ বাদ দেওয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক মোহাম্মদ মজিবুর রহমান ডয়চে ভেলেকে বলেন, "১৯৭১ সালে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ একটি মোমেন্টাম তৈরি করে। ওই ভাষণ ইতিহাসের একটা অনবদ্য অধ্যায়। আমরা অতীতে দেখেছি, বিভিন্ন রাজনৈতিক সরকার যখন ক্ষমতায় এসেছে, তখন এই ভাষণকে তাদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী গুরুত্ব দিয়েছে। আবার কেউ কমিয়ে দিয়েছে। কিন্তু এবার অন্তর্বর্তী সরকারের সময়ে যা হয়েছে, তা শুধু ৭ মার্চের ভাষণ নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসকেই তারা মুছে দেওয়ার চেষ্টা করেছে। তারা মুক্তিযুদ্ধের অনেক স্থাপনা ধ্বংস করেছে। ৭ মার্চের ভাষণ পাঠ্যপুস্তক থেকে নাই করে দিয়েছে। মুক্তিযুদ্ধের প্রতি যেন তাদের এক ধরনের বিদ্বেষ ছিল। কিন্তু এখন নতুন সরকার এসেছে। আশা করছি, তারা মুক্তিযুদ্ধের ইতিহাসকে যথাযথ গুরুত্ব দেবে।" তিনি মনে করেন, "৭ মার্চের ভাষণে স্বাধীনতার সরাসরি ঘোষণা ছিল কি-না, এই বিতর্ক সৃষ্টি করে লাভ নাই। ওই ভাষণ জাতিকে স্বাধীনতার দিকে নিয়ে গেছে, ওই ভাষণ জাতিকে স্বাধীনতার জন্য উদ্বুদ্ধ করেছে। পাঠ্যপুস্তক থেকে এটা বাদ দেওয়া মেটেই ঠিক হয়নি। বিশ্ব ইতিহাসের কয়েকটি ভাষণের মধ্যে ওই ভাষণ একটি। বিশ্বের অনেক বিশ্ববিদ্যালয়ে ভাষণটি পড়ানো হয়।"

শিক্ষক ও মুক্তিযুদ্ধ গবেষক আফসান চৌধুরী বলেন, "১৯৭১ সালে পাকিস্তানের সেনা সরকার যখন সংসদ অধিবেশন বাতিল বা পিছিয়ে দেয়, তার ফলে ৭ মার্চের ভাষণ তখন প্রতিরোধ আন্দোলন চলছিল। ৭ মার্চের ভাষণের মধ্যদিয়ে এই ম্যাসেজটি যায় যে, আমাদের প্রতিরোধ করতে হবে। এর ঐতিহাসিক পটভূমি ১৯৭১ সালে খুবই গুরুত্বপূর্ণ। সবচেয়ে গুরুত্বপূর্ণ ভাষণ ছিল।" "এখন এর নানা রাজনৈতিক ব্যাখ্যা আছে। কখনও বলা হয়, ওটা ছিল স্বাধীনতার ঘোষণা। কিন্তু ঐতিহাসিকভাবে এর প্রমাণ আমার কাছে নাই। কারণ ওই ভাষণের পরদিনই তো পাকিস্তানিদের সাথে আলোচনায় বসেছে। পাকিস্তানিরা নিজেরাই হয়ত ভেবেছিল যে, শেখ সাহেব স্বাধীনতার ঘোষণা দেবেন এবং তখন

তারা আক্রমণ করবে। ২০০০ সালে আমরা যখন পাকিস্তানে গিয়েছিলাম, আমাদের পাকিস্তানিরাও বলেছিল এই বিষয়টা। পাকিস্তানিরা আবার এটাও বলে যে, শেখ সাহেব কিন্তু ওই ভাষণে স্বাধীনতার কথা বলে দিয়েছেন চালাকি করে। বিষয়টা কে কীভাবে ভেবেছে, আমরা জানি না। মানুষ কিন্তু ভাবেনি পরের দিন থেকে স্বাধীন হয়ে গেছে। মানুষ ভেবেছে প্রতিরোধ হচ্ছে, অসহযোগ হচ্ছে। সেটাই মাথায় ছিল। এটা নয় যে, একেবারে লাফ দিয়ে পড়েই স্বাধীনতা," বলেন তিনি। তবে এই ভাষণই তৎকালীন পূর্ব পাকিস্তানের মানুষকে ভবিষ্যতের দিক-নির্দেশনা দিয়ে উজ্জীবিত করেছে বলেও মনে করেন এই গবেষক। তিনি বলেন, "ঘরে ঘরে দুর্গ গড়ে তোলো- এর মাধ্যমে এই সংবাদ গেছে যে, আমাদের প্রস্তুত থাকতে হবে। কিন্তু প্রস্তুত মানে কি যুদ্ধ, প্রস্তুত মানে কি স্বাধীনতা- এই রকম কোনো বিষয়ের উল্লেখ নাই। বিভিন্ন মানুষের কাছে এর মানে বিভিন্ন রকম। রাজনৈতিক কর্মীরা হয়ত ভেবেছে এটা স্বাধীনতা, কেউ হয়ত ভেবেছে, এটা প্রতিরোধ। কেউ মনে করেছে আন্দোলন।" বাংলাদেশে ইতিহাসকে ইতিহাসের মর্যাদা না দিয়ে, সেটিকে রাজনৈতিক ঝগড়ার পর্যায়ে নিয়ে যাওয়া হয় বলে মনে করেন গবেষক আফসান চৌধুরী। "কিন্তু এটা ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ। রাজনৈতিকভাবে এর নানা মানে সৃষ্টি করা হয়েছে। আওয়ামী লীগের আমলে এক রকম। বিএনপির আমলে ছোট করা হয়েছে। এখন হয়ত আরো ছোট করা হচ্ছে। কিন্তু ইতিহাসের বিষয় রাজনীতি দিয়ে ঠিক করা যায় না। চলমান রাজনীতিতে ইতিহাসের ঝগড়া চলে, সেটা চলছে। কিন্তু সেটা দিয়ে তো আর ইতিহাস হয় না, বিভ্রান্তি হয়। আমাদের ইতিহাস জানা হয়ে ওঠে না ঠিকমতো।"

**৭ মার্চ ও বঙ্গবন্ধু, রাজনীতি বনাম ইতিহাস**

২০২১ সালে ঢাকায় বিএনপির পক্ষ থেকে যখন ৭ মার্চ নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়, তখন সেই আলোচনায় সভাপতিত্ব করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন। তিনি এবারের নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। ডয়চে ভেলের পক্ষ থেকে শনিবার তাকে ফোনে ৭ মার্চ নিয়ে প্রশ্ন করলে তিনি এড়িয়ে যান। তিনি বলেন, "এখন একটি জরুরি মিটিং-এ যাচ্ছি, এখন এই বিষয়ে কথা বলতে পারছি না।" তবে বিএনপির প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক সংসদ সদস্য এ বি এম মোশাররফ হোসেন ডিডাব্লিউকে বলেন, "৭ মার্চের ভাষণ ওই সময়ের প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ ছিল। আর এটার একটা ঐতিহাসিক গুরুত্ব আছে, এটা অস্বীকার করা যায় না। শাসন ব্যবস্থায় ঐতিহ্যগত গুরুত্ব আছে, কিন্তু বর্তমান অবস্থায় এর প্রাসঙ্গিকতা কতটুকু, সেটা নিয়ে প্রশ্ন থাকতে পারে।" তিনি বলেন, "আসলে আমাদের ঐতিহ্যগুলোকে আমরা এত বেশি দলীয়করণ করে ফেলি, দলীয় স্বার্থে এমনভাবে ব্যবহার করি যে, তার গুরুত্ব কমে যায়। বিগত আওয়ামী লীগ সরকার এমনভাবে দলীয়করণ করেছে যে, অনেক ঐতিহাসিক ঘটনাগুলো গুরুত্ব হারিয়েছে। ৭ মার্চের পরিণতিও তাই হয়েছে।" ৭ মার্চ নিয়ে এবার কোনো রাষ্ট্রীয় আয়োজন না থাকা প্রসঙ্গে তিনি বলেন, "এটা তো সরকারের বিষয়। সরকারের নীতি-নির্ধারকরা বলতে পারবেন।" বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস থেকে ৭ মার্চের ঐতিহাসিক গুরুত্ব কখনও বাদ দেওয়া বা কমানো সম্ভব নয় বলে মনে করেন সিপিবির সাবেক সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স।

তিনি ডিডাব্লিউকে বলেন, "৭ মার্চের ভাষণের মধ্যদিয়ে এটা স্পষ্ট হয়ে যায় যে, যদি পাকিস্তানিরা ক্ষমতা হস্তান্তর না করে, তাহলে বাঙালিরা স্বাধীনতা ঘোষণা করবে এবং বাঙালিরা কী করবে, তাও পরিষ্কার হয়। প্রয়োজনে তারা সশস্ত্র সংগ্রাম করবে।" "আমরা দেখেছি, ইতিহাস লেখার সময় যারা ক্ষমতাসীন ছিলেন, তারা যার যার মতো করে ইতিহাস লিখেছেন। আমাদের এ থেকে বেরিয়ে এসে সঠিক ইতিহাসের দিকে যেতে হবে। আমরা দেখেছি, বিগত সরকার (অন্তর্বর্তী সরকার) পাঠ্যপুস্তকে অনেক কিছু সংযোজন-বিয়োজন করেছে, যা নিয়ে বিতর্ক আছে। তারা ৭ মার্চের ভাষণ বাদ দিয়েছে, এটা ঠিক হয়নি। পাঠ্য পুস্তকে ৭ মার্চের ভাষণ থাকা দরকার। এটা আমরা এখন বলছি না, যখন বাদ দেওয়া হয় তখনও বলেছি।" ৭ মার্চ যে ঐতিহাসিকভাবে গুরুত্ব, মানছেন এনসিপির যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিনও। ডিডাব্লিউকে তিনি বলেন, "সেই সময়ের জন্য ৭ মার্চের ভাষণ খুবই গুরুত্বপূর্ণ। মানুষ একটা ডাকের অপেক্ষায় ছিল, ওই ভাষণের মধ্যদিয়ে মানুষ ডাক পেয়েছে, দিক-নির্দেশনা পেয়েছে।" "কিন্তু ইতিহাস আমাদের নির্মোহভাবে দেখতে হবে। শেখ মুজিবুর রহমানের একাত্তর এবং এর পূর্ববর্তী ভূমিকা যেমন আলোচনায় আসা দরকার, তেমনি একাত্তর পরবর্তী পঁচাত্তর পর্যন্ত, তার ভূমিকাও জানা দরকার। ইতিসাসে যার যা জায়গা, তা তাকে দিতে হবে। ইতিহাস তো আর অস্বীকার করা যাবে না। কিন্তু আমরা বিভিন্ন সময়ে দেখেছি, রাজনৈতিকভাবে ইতিহাসকে বলার চেষ্টা হয়েছে। যেমন জিয়াউর রহমান সাহেব যে শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠ করেন, সেখানে শেখ মুজিবুর রহমানের পক্ষে বাদ দিয়েছে বিএনপি। আবার আওয়ামী লীগ জিয়াউর রহমানকে মুক্তিযোদ্ধাই বলতে চায় না। আসলে যার যা অবদান, তা স্বীকার করতে হবে। মুক্তিযুদ্ধ ছিল একটি জনযুদ্ধ। এটা একক কোনো দল ও ব্যক্তির বিষয় নয়," বলেন তিনি। জামায়াতের একাধিক নেতার সঙ্গে কথা বলার চেষ্টা করেছে ডিডাব্লিউ। তবে কেউই এ বিষয়ে কথা বলতে রাজি হননি।

**আওয়ামী লীগ যা ভাবছে**

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর দলটির প্রধান শেখ হাসিনাসহ শীর্ষ নেতারা দেশের বাইরে পলাতক। অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তে দলটির কার্যক্রমে নিষেধাজ্ঞা রয়েছে। দেশের নানা স্থানে আওয়ামী লীগের কার্যালয়গুলোও বন্ধ আছে। অনেক কার্যালিয় দখল এবং ভাঙচুর করা হয়েছে। সবশেষ আওয়ামী লীগ সরকারের

তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ এ আরাফাত অজ্ঞাত স্থান থেকে দেওয়া সাক্ষাৎকারে ডিডাব্লিউকে বলেন, "৩২ নাম্বারে তারা পুলিশ মোতায়েন করেছে ৭ মার্চ উপলক্ষ্যে, কেন? ৭ মার্চ যদি গুরুত্বহীন হয়ে যায়, তাহলে তো ৩২ নাম্বারে পুলিশ মোতায়েন করার দরকার ছিল না, তাই না?" তিনি বলেন, "এটা তো এখন মানুষের কাছে পরিষ্কার যে, ২০২৪ সালের ৫ আগস্টের পরে মুক্তিযুদ্ধ বিরোধী একটি অপশক্তি বাংলাদেশকে দখল করেছিল। যে কারণে তারা এগুলো মুছে দেওয়ার চেষ্টা করছে এবং চেষ্টা করেছে। এই পাকিস্তানি প্রেতাত্মাদের প্রভাব যতদিন থাকবে, অপারেট করবে, ততদিন তারা তাদের চেষ্টা চালিয়ে যাবে।" "কিন্তু বাংলাদেশ যতদিন থাকবে, মুক্তিযুদ্ধ থাকবে, বঙ্গবন্ধু থাকবে, ৭ মার্চ থাকবে। এগুলো কখনই মুছে ফেলা যাবে না। মানুষের মন থেকে মোছা যাবে না। মুক্তিযুদ্ধ এমন একটা শক্তি, ৭ মার্চ এমন একটা শক্তি- এটা আবার দাবানলের মতো ছড়িয়ে পড়বে," বলেন তিনি।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানির নৌযান ভারতে নোঙর করার অনুমতি দিল্লির

ইরানের একটি নৌযানকে তার বন্দরে নোঙর করার অনুমতি দিয়েছে ভারত। শনিবার দেশটির পররাষ্ট্রমন্ত্রী এ তথ্য নিশ্চিত করে বলেছেন, এটি একটি "মানবিক" পদক্ষেপ। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর জানান, বুধবার থেকে দক্ষিণের কোচি শহরে আইআরআইএস লাভান নোঙর করে আছে। একই দিন শ্রীলঙ্কার উপকূলে মার্কিন যুক্তরাষ্ট্র ইরানি নৌ ফ্রিগেট দেনা-তে হামলা চালায়, যাতে অন্তত ৮৭ জন নিহত হন। রয়টার্স নিউজ এজেন্সিতে ভারত সরকারের এক গোপন সূত্র জানায়, আইআরএস লাভান নিয়ে ইরান দিল্লির কাছে জরুরি অনুরোধ জানিয়েছিল। বার্ষিক রাইসিনা ডায়ালগ অনুষ্ঠানে জয়শঙ্কর বলেন, "আইনি বিষয়গুলো যা-ই হোক না কেন, আমরা সত্যিই মানবিকতার দৃষ্টিকোণ থেকে এটি করেছি। আমি মনে করি, আমরা সঠিক কাজই করেছি।" আরেকটি ইরানি জাহাজ আইআরআইএস বুশেহর দেনা-তে হামলার পর শ্রীলঙ্কার কাছেও সহায়তার অনুরোধ করেছিল। এই জাহাজগুলো আগে ভারত আয়োজিত নৌ মহড়ায় অংশ নিয়েছিল। কিন্তু জয়শঙ্কর বলেন, যুদ্ধ শুরু হওয়ার পর তারা "ঘটনার ভুল দিকে আটকা পড়ে গিয়েছিল।" মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের নৌবাহিনী ধ্বংস করাই মার্কিন সামরিক অভিযানের মূল লক্ষ্য।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানকে মার্কিন সামরিক স্থাপনার তথ্য দিচ্ছে রাশিয়া, প্রতিবেদন

এক সপ্তাহ আগে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল যুদ্ধ শুরুর পর এবার মস্কো তেহরানের পাশে দাঁড়াচ্ছে বলে অভিযোগ উঠেছে। রাশিয়া ইরানকে এমন গোয়েন্দা তথ্য সরবরাহ করছে, যা এই অঞ্চলে মার্কিন যুদ্ধজাহাজ, বিমান ও সামরিক স্থাপনায় হামলা চালাতে সাহায্য করতে পারে। বার্তা সংস্থা এপি ও ওয়াশিংটন পোস্ট গোয়েন্দা সূত্রের উদ্ধৃতি দিয়ে এই তথ্য প্রকাশ করেছে। তবে, মস্কোর এই সহায়তার পরিধি কতটা, তা এখনও স্পষ্ট নয়। হোয়াইট হাউস অবশ্য এই প্রতিবেদন হালকাভাবে নিলেও, তেহরানকে মস্কোর গোয়েন্দা তথ্য সরবরাহের বিষয়টি অস্বীকার করেনি। প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট শুক্রবার বলেন, "এর ফলে ইরানে সামরিক অভিযানে কোনো পার্থক্য তৈরি হচ্ছে না, কারণ আমরা তাদের সম্পূর্ণভাবে ধ্বংস করে দিচ্ছি।" প্রতিরক্ষা সচিব হেগসেথ জানিয়েছেন, যুক্তরাষ্ট্র "সবকিছু ট্র্যাক করছে" এবং যুদ্ধ পরিকল্পনায় তা বিবেচনা করছে। রাশিয়া-ইরান সম্পর্ক নতুন নয়। পরমাণু কর্মসূচি এবং হিজবুল্লাহ, হামাস ও হুতিদের মতো মিলিশিয়াগুলোকে সমর্থনের কারণে বিচ্ছিন্ন ইরানের মিত্র কম। হাতে গোনা কয়েকটি মিত্রের একটি রাশিয়া। ইউক্রেন যুদ্ধে ইরানের তৈরি শাহেদ-১৩৬ ড্রোনের ওপর ব্যাপকভাবে নির্ভর করছে রাশিয়া। পাঁচ বছর ধরে চলা সেই যুদ্ধে সহায়তার প্রতিদানস্বরূপ মস্কো তেহরানকে গোয়েন্দা তথ্য দিয়ে সাহায্য করছে বলে মনে করা হচ্ছে। বিশ্লেষকরা সতর্ক করছেন, এই নতুন মাত্রার সহযোগিতা মধ্যপ্রাচ্যে চলমান সংকটকে আরও জটিল করে তুলতে পারে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরান-ইসরায়েল যুদ্ধ; পাল্টাপাল্টি হামলা অব্যাহত, তেহরানে নতুন করে বিস্ফোরণ

যুদ্ধের দ্বিতীয় সপ্তাহে সংঘাত আরও তীব্র হয়ে উঠছে। ইসরায়েল ও প্রতিবেশী নানা দেশে মার্কিন ঘাঁটিতে ড্রোন হামলা চালাচ্ছে ইরান। অন্যদিকে তেহরানসহ ইরানের বিভিন্ন শহরে নতুন করে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, বিমান হামলায় সারা দেশে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে, যার মধ্যে দক্ষিণ-পশ্চিম খুজেস্তান প্রদেশের দুটি হাসপাতালও রয়েছে। রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে, আহভাজের রাজি মেডিক্যাল সেন্টার এবং আন্দিমেশকের ইমাম আলী হাসপাতাল বিস্ফোরণে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। কেন্দ্রীয় শহর ইসফাহানের একজন কর্মকর্তা বলেন, শনিবার আট বেসামরিক নাগরিক মারা গেছেন। তেহরানের মেহরাবাদ অভ্যন্তরীণ বিমানবন্দরও লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছে। ইরানের সামরিক বাহিনী শনিবার ইসরায়েল এবং সংযুক্ত আরব আমিরাত ও কুয়েতে অবস্থিত মার্কিন ঘাঁটিতে ড্রোন হামলা চালিয়েছে। রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরান জানিয়েছে, লক্ষ্যবস্তুর মধ্যে ছিল সংযুক্ত আরব আমিরাতের আল-মিনহাদ ঘাঁটি, কুয়েতের একটি মার্কিন স্থাপনা এবং ইসরায়েলের একটি কৌশলগত স্থান। ইরানের রেভল্যুশনারি গার্ডস সংযুক্ত আরব আমিরাতের আল-ধাফরা বিমান ঘাঁটিতে হামলার তথ্যও চালিয়েছে। এই হামলায় বিমান, যুদ্ধকেন্দ্র, স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থা এবং রাডার সুবিধা আঘাতপ্রাপ্ত হয়েছে বলে দাবি করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৭.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## তারেক রহমানের প্রতিশ্রুতিতে শুরু হলো মহাখালী মন্দিরের সংস্কার কাজ

রাজধানী মহাখালীর ঐতিহ্যবাহী শ্রী শ্রী রক্ষা কালি মন্দির সংস্কার কাজের উদ্বোধন করা হয়েছে। শনিবার (৭ মার্চ) মহাখালীর বক্ষব্যাধি হাসপাতালের সামনে সংস্কার কাজের উদ্বোধন করেন ঢাকা দক্ষিণ সিটির প্রশাসক আব্দুস সালাম ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম মিল্টন। মহাখালী এলাকাটি ঢাকা-১৭ আসনের আওতাধীন। গত ১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচনের আগে এই মন্দিরটি সংস্কার ও মন্দির প্রাঙ্গণে একটি নতুন নাট্যমন্দির নির্মাণে প্রতিশ্রুতি দিয়েছিলেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তিনি ওই আসনে নির্বাচনে জয় পেয়ে সরকার গঠনের এক মাস না পেরোতেই ওই মন্দিরের কাজের উদ্বোধন করে সিটি করপোরেশন। এ সংস্কার কাজে অর্থায়ন করছে ঢাকা উত্তর সিটি করপোরেশন। উদ্বোধনী অনুষ্ঠানে উত্তর সিটি করপোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম মিল্টন বলেন, "অগ্রাধিকার ভিত্তিতে ধর্মীয় উপাসনালয়গুলোর সমস্যা সমাধান করতে সরকার ও প্রশাসন আন্তরিক।"(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## পরিকল্পিত জাকাত ব্যবস্থাপনায় দারিদ্র্য বিমোচনে ভূমিকা রাখা সম্ভব : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশে প্রায় চার কোটি দরিদ্র পরিবার রয়েছে। লক্ষ্যভিত্তিক পরিকল্পনার মাধ্যমে জাকাত বিতরণ করা গেলে ১০ থেকে ১৫ বছরের মধ্যে জাকাত ব্যবস্থাপনাই দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। শনিবার (৭ মার্চ) রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। আলেম-ওলামা, মাশায়েখ ও এতিম শিশুদের সম্মানে আয়োজিত ইফতার মাহফিলে জাকাত ব্যবস্থাপনাকে আরও কার্যকর ও লক্ষ্যভিত্তিক করার নতুন পরিকল্পনার কথাও তুলে ধরেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, ইসলামী ঐতিহ্য অনুযায়ী, অতীতে প্রায় প্রতি রমজানেই বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সম্মানে ইফতার আয়োজন করা হতো। সাধারণত রমজানের প্রথম দিনই আলেম-ওলামা, মাশায়েখ ও এতিমদের সম্মানে ইফতার অনুষ্ঠিত হলেও, দেশের বর্তমান পরিস্থিতির কারণে এবার কিছুটা দেরিতে এ আয়োজন করা হয়েছে। তারেক রহমান বলেন, বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি এবং গ্যাস, বিদ্যুৎ ও জ্বালানিসহ বিভিন্ন খাতে ব্যয় সংকোচনের অংশ হিসেবে এবারের রমজানে মাত্র দুটি ইফতার মাহফিল আয়োজন করা হয়েছে। পরিস্থিতির উন্নতি না হলে এটিই চলতি রমজানের শেষ ইফতার হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## এলএনজির প্রথম চালান জাহাজে তুলেছে কাতার, গন্তব্য বাংলাদেশ

মধ্যপ্রাচ্যে ছড়িয়ে পড়া যুদ্ধের প্রভাবে জ্বালানি উৎপাদন বন্ধ এবং আমদানিকারকদের কাছে ফোর্স ম্যাজেউর (অনিবার্য পরিস্থিতিজনিত কারণে চুক্তি পালনে অক্ষমতা) ঘোষণার পর প্রথমবারের মতো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) লোড করেছে কাতার। এমন তথ্য পাওয়া গেছে, জাহাজ চলাচলের ডেটা থেকে। জাহাজ ট্র্যাকিং তথ্য অনুযায়ী, লেবরেথা নামের একটি জাহাজ শুক্রবার বিশ্বের বৃহত্তম এলএনজি রপ্তানি কেন্দ্র রাস লাফান ইন্ডাস্ট্রিয়াল সিটি থেকে যাত্রা করে। জাহাজটির ড্রাফট লেভেল বেড়ে যাওয়ায় ধারণা করা হচ্ছে, এতে এলএনজি তোলা হয়েছে। ব্লুমবার্গের প্রতিবেদনে বলা হয়, জাহাজটি বাংলাদেশের দিকে রওয়ানা দিয়েছে এবং ১৪ মার্চ পৌঁছানোর সম্ভাবনা রয়েছে। তবে যাত্রাটি নির্ভর করছে গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালি দিয়ে নিরাপদে চলাচলের ওপর, কারণ চলমান সংঘাতের কারণে বাণিজ্যিক জাহাজ চলাচল কার্যত সীমিত হয়ে পড়েছে। প্রয়োজনে জাহাজটি সাময়িকভাবে সমুদ্রে ভাসমান সংরক্ষণাগার হিসেবেও ব্যবহার হতে পারে বলে ধারণা করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## শেখ হাসিনা সরকারের প্রবণতা এখনই দেখতে পাচ্ছি : নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, "শেখ হাসিনা সরকারের প্রবণতা এ সরকারেও দেখা যাচ্ছে। বিগত শেখ হাসিনার আমলে আমরা দেখেছিলাম, কীভাবে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো, বিচার বিভাগ, প্রশাসন, পুলিশ সবকিছু দলীয়করণ করা হয়েছিল। এ সরকারের একমাসও হয়নি কিন্তু সে প্রবণতা শুরু থেকে আমরা দেখতে পাচ্ছি।" শনিবার (৭ মার্চ) সন্ধ্যায় ফরিদপুর শহরের অম্বিকা মেমোরিয়াল ময়দানে ফরিদপুর বিভাগীয় ইফতার মাহফিলে প্রধান অতিথি ছিলেন নাহিদ ইসলাম। তিনি বলেন, "১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের শুরুতে বিএনপিকে সংবিধান সংস্কার কমিশনের সদস্য হিসেবে শপথ ও রাষ্ট্রপতি সাহাবুদ্দিন চুপ্পুকে অপসারণের আহ্বান জানানো হয়েছে। অন্যথায়, এর বিচ্যুতি যদি ঘটে, তাহলে এগারো দলকেও, জাতীয় নাগরিক পার্টিকেও চিন্তা করতে হবে, আমাদের সিদ্ধান্ত নিতে আমরা বাধ্য থাকব।" সরকারি দল শপথ নিয়ে সবার আগে জুলাই আকাঙ্ক্ষার প্রতিশ্রুতির সঙ্গে বেঈমানি করেছে বলে মন্তব্য করে তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থানের পরে বহুল আকাঙ্ক্ষিত নির্বাচন হয়েছে কিন্তু সেই নির্বাচনকে নানাভাবে প্রশ্নবিদ্ধ করা হয়েছে। জুলাই সনদের আদেশ অনুযায়ী আমরা শপথ নিয়েছি। যেখানে সরকারি দল শপথ নিয়ে সবার আগে জুলাই আকাঙ্ক্ষার প্রতিশ্রুতির সঙ্গে বেঈমানি করেছে। তারা দুটি শপথ না নিয়ে নানাভাবে বুঝানোর চেষ্টা করছে, জুলাই সনদের আদেশ যেটি হয়েছে, গণভোট হয়েছে, যেখানে জনগণ ব্যাপকভাবে 'হ্যাঁ-এর পক্ষে তথা সংস্কারের পক্ষে রায় দিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## জ্বালানি তেলের মজুত পর্যাপ্ত, ৯ মার্চ আসছে আরও দুই জাহাজ : ইকবাল হাসান মাহমুদ

দেশে জ্বালানি তেলের পর্যাপ্ত মজুত রয়েছে। তাই এ নিয়ে আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। আগামী ৯ মার্চ দেশে আরও দুটি তেলবাহী জাহাজ আসছে। ফলে সংকট তৈরি হওয়ার আশঙ্কা নেই। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ শনিবার (৭ মার্চ) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন। মন্ত্রী বলেন, "পৃথিবীতে আজকে যে সমস্যা সৃষ্টি হয়েছে, মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে, তার প্রভাব স্বাভাবিকভাবেই জ্বালানি খাতে উদ্বেগ তৈরি করেছে। আমরা প্রধানমন্ত্রীকে বিষয়টি ব্রিফ করেছি। তবে আগেও বলেছি, গতকালও বলেছি, তেল নিয়ে উদ্বিগ্ন হওয়ার কোনো কারণ নেই।" ইকবাল হাসান মাহমুদ জানান, যুদ্ধ কতদিন চলবে, তা নিশ্চিত না হওয়ায় সরকার সতর্কতার অংশ হিসেবে সীমিত আকারে রেশনিং ব্যবস্থা চালু করেছে। তবে তা দেখে অনেক মানুষ আতঙ্কিত হয়ে অতিরিক্ত তেল মজুত করার চেষ্টা করছেন, যা পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## ভিড় কমেনি ফিলিং স্টেশনে, ধীরে ধীরে বড়ো হচ্ছে যানবাহনের লাইন

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধে বন্ধ রয়েছে হরমুজ প্রণালি। এতে জ্বালানি সংকটে পড়তে পারে বিশ্বের অনেক দেশ। এর প্রভাব পড়েছে বাংলাদেশেও। আসন্ন দিনগুলোতে তেল সংকট প্রকট হতে পারে আশঙ্কায় রাজধানীর পেট্রোল পাম্পগুলোতে ভিড় করেন যানবাহন চালকরা। এতে আজও রাজধানীর পেট্রোল পাম্পগুলোতে (ফিলিং স্টেশনে) দেখা গেছে যানবাহনের দীর্ঘ সারি। শনিবার (৭ মার্চ) দুপুরে রাজধানীর বিজয় সরণির ট্রাস্ট ফিলিং স্টেশনে এমন চিত্র দেখা যায়। রাজধানীর অন্য এলাকায়ও প্রায় একই চিত্র। সরেজমিনে দেখা গেছে, রাজধানীর মহাখালী থেকে আসতে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সামনে থেকে বিজয় সরণির ট্রাস্ট ফিলিং স্টেশন পর্যন্ত কয়েক লাইনে মোটরসাইকেল অপেক্ষায় আছে। পাশাপাশি রয়েছে প্রাইভেটকারের সারি, এর সারি আরও দীর্ঘ। সবাই সিরিয়ালে দাঁড়িয়ে সারিবদ্ধভাবে এগিয়ে পাম্প থেকে সংগ্রহ করছেন জ্বালানি তেল। পরিস্থিতি সামলাতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের উপস্থিতিও দেখা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## ছুটির দিনেও অফিসে ব্যস্ত প্রধানমন্ত্রী, করলেন একাধিক বৈঠক

শনিবার ছুটির দিনেও অফিস করলেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর টানা তিন শনিবার রাজধানীর তেজগাঁও কার্যালয়ে অফিস করেন তিনি। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি জানান, প্রধানমন্ত্রীর জনপ্রশাসন উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ, অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং শিক্ষা ও প্রবাসী কল্যাণ উপদেষ্টা মাহদী আমিন কার্যালয়ে অফিস করেছেন। এছাড়া, প্রধানমন্ত্রীর প্রেস সচিব ছালেহ শিবলি, অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ কার্যালয়ের উচ্চপদস্থ কর্মকর্তারাও ছিলেন। দুপুর ১২টায় কার্যালয়ে আসেন প্রধানমন্ত্রী। এরপরই পাটজাত পণ্যের বহুমুখী ব্যবহার বাড়ানো ও বাজার সম্প্রসারণ নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক কৃষিবিদ ড. নার্গীস আক্তার। এরপর দুপুর আড়াইটায় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে বিদ্যুৎ ও জ্বালানি খাতে ব্যয় কমানো ও কার্যকর জ্বালানি ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হয়। এদিকে, দেশের ওলামা-মাশায়েখ ও এতিমদের সম্মানে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইফতারের আয়োজন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। কার্যালয় থেকে সেখানে যাবেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## সংসদের নেতিবাচক সংস্কৃতি মুছে ফেলতে চায় বিএনপি : সালাহউদ্দিন আহমদ

জাতীয় সংসদের অতীতের নেতিবাচক সংস্কৃতি থেকে বেরিয়ে এসে একটি নতুন রাজনৈতিক সংস্কৃতি গড়ে তুলতে চায় বিএনপি, এমন মন্তব্য করেছেন দলের স্থায়ী কমিটির সদস্য ও স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ভবিষ্যতের সংসদ অধিবেশন দেখে জাতি আশ্বস্ত হবে এবং বলবে, এমন একটি সংসদই তারা দেখতে চেয়েছিল। শনিবার (৭ মার্চ) রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারম্যানের কার্যালয়ে সংসদ সদস্যদের দু-দিনের প্রশিক্ষণ কর্মশালার শেষ দিনের সেশনে এসে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংসদ কার্যকর ও মর্যাদাপূর্ণ করতে সংসদ সদস্যদের সঙ্গে সংবিধান, রুলস অব প্রসিডিউর, সংসদীয় রীতিনীতি ও কনভেনশন অব দ্য হাউজ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পাশাপাশি, বিশ্বের শক্তিশালী গণতান্ত্রিক দেশগুলোর সংসদীয় চর্চা সম্পর্কেও ধারণা দেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## পরিত্যক্ত আ'লীগ কার্যালয়ে হঠাৎ বেজে উঠলো ৭ মার্চের ভাষণ

নওগাঁয় কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের প্রায় পরিত্যক্ত জেলা কার্যালয়ে আকস্মিকভাবে বেজে উঠেছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ। শনিবার (৭ মার্চ) সকালে শহরের সরিষাহাটির মোড়ে অবস্থিত দলীয় কার্যালয় থেকে অডিও ভাষণটি প্রচার করা হয়। এই ঘটনায় এলাকায় ব্যাপক কৌতূহল ও আলোচনার সৃষ্টি হয়। পরবর্তীতে এ সংক্রান্ত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, ভাঙাচোরা ও প্রায় পরিত্যক্ত দলীয় কার্যালয়ের তৃতীয় তলায় একটি ছোটো মাইকের মাধ্যমে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ বাজানো হচ্ছে। তবে মাইকটি কারা, কখন এবং কীভাবে সেখানে স্থাপন করেছে, সে বিষয়ে সুনির্দিষ্ট কোনো তথ্য

পাওয়া যায়নি। ঘটনাস্থলে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কোনো নেতা-কর্মীকেও দেখা যায়নি। তবে পরে দলটির কিছু নেতা-কর্মী তাদের নিজ নিজ ফেসবুক আইডিতে ভাষণ প্রচারের ভিডিওটি শেয়ার করে বিষয়টি জানান দেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## মওলানা ভাসানী প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মানববন্ধন

ইসলামী বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনা হত্যার প্রতিবাদে টাঙ্গাইলের মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৭ মার্চ) দুপুরে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ভবনের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাজ্জাদ ওয়াহিদ, অধ্যাপক ড. মো. ফজলুল করিম, অধ্যাপক ড. মোহাম্মদ ইদ্রিস আলী এবং অধ্যাপক ড. নুরজাহান খাতুন। বক্তারা বলেন, একজন শিক্ষককে নৃশংসভাবে হত্যা করা অত্যন্ত উদ্বেগজনক ও নিন্দনীয় ঘটনা। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে দ্রুত সুষ্ঠু তদন্তের মাধ্যমে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি। মানববন্ধনে শিক্ষকরা দেশে শিক্ষকদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## বাজার স্থিতিশীল রাখতে শ্যামবাজার পর্যবেক্ষণ করলেন ইশরাক

নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও বাজার পরিস্থিতি পর্যবেক্ষণ করতে রাজধানীর শ্যামবাজার পরিদর্শন করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী প্রকৌশলী ইশরাক হোসেন। শনিবার (৭ মার্চ) বাজার পরিদর্শনের সময় ইশরাক হোসেনের সঙ্গে ছিলেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ আব্দুস সালাম ও মোহাম্মদ হাসানুজ্জামান। প্রতিমন্ত্রী বলেন, শ্যামবাজার ঢাকার অন্যতম বড়ো পাইকারি মশলার আড়ত। এখান থেকে ঢাকার বিভিন্ন স্থানে সবজি, মশলা এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্য সরবরাহ করা হয়। রমজান ও ঈদকে কেন্দ্র করে বাজারে পণ্যের সরবরাহ সঠিকভাবে হচ্ছে কি না এবং কেউ অবৈধভাবে মজুত করে অতিমুনাফার চেষ্টা করছে কি না, এসব বিষয় মনিটরিং করতেই পরিদর্শন করা হয়েছে। ইশরাক হোসেন আরও জানান, বাজারে বিভিন্ন দোকানে গিয়ে মশলার মজুত ও দাম যাচাই করা হয়েছে। তাদের পর্যবেক্ষণে দেখা গেছে, বাজার মোটামুটি স্থিতিশীল রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## বাংলাদেশি পণ্য ভারতীয় বলে বেশি দামে বিক্রি, লাখ টাকা জরিমানা

বাংলাদেশে তৈরি পণ্যকে ভারতীয় বলে বেশি দামে বিক্রির অভিযোগে চট্টগ্রাম নগরের একটি দোকানে এক লাখ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। শনিবার (৭ মার্চ) দুপুরে টেরিবাজার এলাকার 'রাজস্থান' নামের দোকানে এ জরিমানা করা হয়। সেখানে অভিযান পরিচালনা করেন অধিদপ্তরের চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক (ডিডি) ফয়েজ উল্লাহ। ডিডি ফয়েজ জানান, অভিযানের সময় দোকানটিতে একই পাঞ্জাবির গায়ে ভারতীয় ও বাংলাদেশি দুটি আলাদা ট্যাগ পাওয়া যায়। এতে বাংলাদেশে তৈরি পণ্যকে ভারতীয় দাবি করে বেশি দামে বিক্রির প্রমাণ পাওয়া গেছে। এ ঘটনায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইনে প্রতিষ্ঠানটির মালিককে এক লাখ টাকা জরিমানা করা হয়। একইসঙ্গে ভবিষ্যতে এ ধরনের প্রতারণামূলক কার্যক্রম থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয় বলে জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## শাহ আমানতে আরও ১২ ফ্লাইট বাতিল

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আরও ১২টি ফ্লাইট বাতিল করা হয়েছে। মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির প্রভাবে দুবাই, আবুধাবি, শারজাহ ও দোহার এয়ারফিল্ড বন্ধ থাকায় এসব ফ্লাইট বাতিল করা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। শনিবার (৭ মার্চ) বিকেল ৩টা ১০ মিনিটে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। বিমানবন্দর সূত্রে জানা গেছে, বাতিল হওয়া ফ্লাইটগুলোর মধ্যে রয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মধ্যপ্রাচ্য থেকে আসা একটি আগমনি (অ্যারাইভাল) ও দুটি বহির্গামী (ডিপার্চার) ফ্লাইট। এছাড়া, এয়ার আরাবিয়ার দুটি আগমনি ও দুটি বহির্গামী ফ্লাইট, ইউএস-বাংলা এয়ারলাইন্সের একটি আগমনি ও দুটি বহির্গামী ফ্লাইট এবং সালাম এয়ারের একটি আগমনি ও একটি বহির্গামী ফ্লাইট বাতিল করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## মাটির নিচে পাওয়া গেল মজুত ১০ হাজার লিটার জ্বালানি তেল

নাটোরের সিংড়ায় জ্বালানি তেল মজুত রেখে কৃত্রিম সংকট সৃষ্টির অভিযোগে অভিযান চালিয়েছে উপজেলা প্রশাসন। এ সময় ১০ হাজার লিটার তেল মজুত রাখার অপরাধে এক ব্যবসায়ীকে ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। শনিবার (৭ মার্চ) দুপুর ২টায় সিংড়া পৌরসভার নিংগইন এলাকায় এ অভিযান চলে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল্লাহ আল রিফাত আদালত পরিচালনা করেন। জানা যায়, সিংড়া পৌরসভার নিংগইন ভাটোপাড়া মসজিদের দক্ষিণ পাশে বাঁশের ঝাঁড়ের মধ্যে মাটির নিচে পানির ট্যাংকি বসিয়ে জ্বালানি তেল সংরক্ষণ করা হয়েছে, এমন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালায় উপজেলা প্রশাসন। অভিযানে মাটির নিচে ট্যাংকির মধ্যে ১০ হাজার লিটার তেল মজুত পাওয়া যায়। সিংড়া থানার মোড় এলাকার সততা ট্রেডার্সের স্বত্বাধিকারী মো. রুবেল এই

তেল সংরক্ষণ করেন। পরে তাকে অন্যায়ভাবে তেল সংরক্ষণের অপরাধে ৫ হাজার টাকা জরিমানা করা হয়। একইসঙ্গে রোববারের মধ্যে ডিজেল দোকানে স্থানান্তরের নির্দেশ দেওয়া হয়। মো. রুবেল নিংগইন ভাটোপাড়া মহল্লার মো. বেল্লাল হোসেনের ছেলে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## যুদ্ধ দীর্ঘায়িত হলে দেশের অর্থনীতি আরও চাপে পড়তে পারে : ড. ফাহমিদা

গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বলেছেন, মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি দীর্ঘায়িত হলে বাংলাদেশের অর্থনীতি আরও চাপে পড়তে পারে। তেলের দাম বৃদ্ধি, কর্মসংস্থানে সংকট ও সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন ঘটার আশঙ্কাও রয়েছে। শনিবার (৭ মার্চ) ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাজধানীর এফডিসিতে ‘জনপ্রত্যাশা পূরণে অর্থনৈতিক স্থিতিশীলতা’ শীর্ষক এ প্রতিযোগিতা হয়। ফাহমিদা খাতুন বলেন, অর্থনীতি সচল রাখতে ব্যবসায়ীদের জন্য সহায়ক পরিবেশ তৈরি করা জরুরি। অধিকাংশ ব্যবসায়ীই দেশের উন্নয়ন, বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখতে চান। কিন্তু রাজনৈতিক পরিবর্তনের সময় অনেক ক্ষেত্রে প্রতিহিংসামূলক আচরণের কারণে সবাই ন্যায্য বিচার পান না। তাই ঢালাওভাবে ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযোগ তোলা ঠিক নয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## হরমুজ প্রণালি ছেড়ে আসা ১২ জাহাজ চট্টগ্রাম বন্দরে পৌঁছেছে

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ শুরুর আগে হরমুজ প্রণালি পেরিয়ে আসা ১২টি জাহাজ চট্টগ্রাম বন্দরের বহির্নোঙরে এসেছে। বাকি তিনটি জাহাজ চলতি সপ্তাহেই পৌঁছাবে। এসব জাহাজের মধ্যে চারটিতে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি), দুটিতে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) এবং নয়টিতে সিমেন্ট শিল্পের কাঁচামাল ক্লিংকার রয়েছে। হরমুজ প্রণালি ব্যবহার করে মধ্যপ্রাচ্যের দেশ বিশেষ করে ইরান, কাতার, কুয়েত, বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত ও সৌদি আরব থেকে বাংলাদেশে পণ্য আনা-নেওয়া হয়। বাংলাদেশ শিপিং এজেন্ট অ্যাসোসিয়েশনের সাবেক পরিচালক খায়রুল আলম সুজন জাগো নিউজকে বলেন, যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধ শুরুর আগে যে-সব জাহাজ হরমুজ প্রণালি ছেড়ে এসেছিল, সেগুলো চট্টগ্রাম বন্দরে এসেছে। কয়েকটি জাহাজ পথিমধ্যে রয়েছে। দুই-একটি জাহাজ হরমুজ প্রণালির ভেতরে বা কাছাকাছি বন্দরে আছে। তিনি বলেন, সরকার নিবিড়ভাবে মনিটরিং করছে। শিপিং লাইন, জাহাজ মালিক, পণ্যের মালিক ও মেরিনাররা যুদ্ধের আপডেটে নজর রাখছেন। যদি হরমুজ প্রণালিতে হুমকি না থাকে, জাহাজ চলাচল দ্রুত স্বাভাবিক হয়ে যাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## সাংবাদিকদের তথ্য দিতে হবে, না হলে সমাজ অন্ধকারে থাকবে : স্বাস্থ্যমন্ত্রী

গাজীপুরের কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের তথ্যপ্রাপ্তির বিষয়টি গুরুত্বের সঙ্গে তুলে ধরেছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মোহাম্মদ সাখাওয়াত হোসেন বকুল। শনিবার (৭ মার্চ) দুপুরে স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন শেষে সাংবাদিকদের অভিযোগের পর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রেজওয়ানা রশিদকে সাংবাদিকদের তথ্যপ্রাপ্তি নিশ্চিত করার জন্য স্পষ্ট নির্দেশনা দেন। তিনি বলেন, সাংবাদিকদের কাছে তথ্য গোপন করার কোনো সুযোগ নেই। কারণ সমাজের নানা অসংগতি ও সমস্যা সাংবাদিকদের মাধ্যমে সামনে আসে এবং অনেক গুরুত্বপূর্ণ বিষয় সরকারের নজরে আসে। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সাংবাদিকদের তথ্য দিতে হবে। সাংবাদিকরা যদি না জানতেন, তাহলে তো আমি এখানে আসতাম না। সাংবাদিকদের তথ্যের ভিত্তিতে অনেক সময় আমরা ব্যবস্থা নিতে পারি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## চানখাঁরপুলে ৭ মার্চের ভাষণ বাজানোয় ঢাবির সাবেক শিক্ষার্থীসহ আটক ২

রাজধানীর চানখাঁরপুল মোড়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ সাউন্ড বক্সে বাজানোর অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক এক শিক্ষার্থীসহ দু-জনকে আটক করেছে শাহবাগ থানা পুলিশ। এ সময় ঘটনাস্থল থেকে ব্যবহৃত সাউন্ড বক্সও জব্দ করা হয়েছে। শনিবার (৭ মার্চ) বিকেল সাড়ে ৩টার দিকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের পাশের চানখাঁরপুল মোড় থেকে তাদের আটক করা হয়। আটক হওয়া সাবেক শিক্ষার্থীর নাম আসিফ আহমেদ। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ছিলেন। পুলিশ জানায়, ঘটনাস্থলে দুইটি সাউন্ড বক্সে ভাষণ বাজানো হচ্ছিল। পরে সেগুলো জব্দ করা হয় এবং সাউন্ড পরিচালনায় থাকা অপর একজনকেও আটক করে থানায় নেওয়া হয়। এ বিষয়ে শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান বলেন, বাংলাদেশ আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ। তাই তাদের যে-কোনো কার্যক্রমও নিষিদ্ধ। এ কারণে তাদের আটক করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## ধানমন্ডি-৩২ নম্বরে ফুল দিতে গিয়ে তিন নারীসহ গ্রেফতার ৪

ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে ধানমন্ডি-৩২ নম্বরে ফুল নিয়ে যাওয়ার পথে তিন নারীসহ চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের বিরুদ্ধে সন্ত্রাসবিরোধী আইনে মামলা করা হয়েছে। শনিবার (৭ মার্চ) সকাল সাড়ে ৬টার দিকে বঙ্গবন্ধুর বাসভবনের কাছে স্কয়ার হাসপাতালের বিপরীত সড়ক থেকে তাদের আটক করা হয় বলে জানিয়েছে পুলিশ।

কলাবাগান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফজলে আশিক বলেন, গ্রেফতার ব্যক্তিরা হাতে ফুল নিয়ে মিছিল করতে করতে ধানমন্ডির ৩২ নম্বরে যাচ্ছিলেন। এ সময় স্কয়ার হাসপাতালের বিপরীতের সড়ক থেকে চারজনকে আটক করা হয়। সন্ত্রাসবিরোধী আইনে মামলা দিয়ে তাদের আদালতে পাঠানো হয়েছে। থানা সূত্রে জানা যায়, এ মিছিলে ১০-১৫ জন ছিলেন। তাদের হাতে ছিল ফুলের মালা। পুলিশের উপস্থিতি টের পেয়ে মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায়। এ সময় চারজনকে আটক করা হয়। তাদের মধ্যে তিনজন নারী ও একজন পুরুষ। ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ কর্মসূচি ঘোষণা করেছিল। তবে গ্রেফতার ব্যক্তিরা আওয়ামী লীগের কিংবা দলটির নিষিদ্ধ সহযোগী সংগঠনের কোনোটিতে যুক্ত কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## জুলাই সনদ দ্রুত বাস্তবায়নের দাবি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের

দ্রুত জুলাই সনদ বাস্তবায়ন, জুলাইয়ে গুলিবিদ্ধ হওয়ার স্থানগুলোতে 'স্ট্রিট মেমোরি স্ট্যাম্প' সংরক্ষণ এবং শহিদ ও আহতদের সঠিক তালিকা প্রণয়ন করে তাদের প্রাপ্য সুবিধা নিশ্চিত করার দাবি জানিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহিদ ও আহত সেল। শনিবার (৭ মার্চ) বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি তুলে ধরে সংগঠনটি। সংবাদ সম্মেলনে জুলাইয়ে শহিদ সাংবাদিক তাহির জামান প্রিয়-এর মা সামসি আরা জামান বলেন, সন্তান হারানোর পর থেকেই আমরা চাই জুলাই সনদ বাস্তবায়ন হোক। অন্তর্বর্তী সরকারের সময় নানা জটিলতার পরও, এ বিষয়ে একটি ঐকমত্য তৈরি হয়েছিল। তবে নির্বাচিত সরকার দায়িত্ব নেওয়ার পর বিষয়টি নিয়ে নতুন করে নানা আলোচনা শোনা যাচ্ছে। তিনি বলেন, আমরা চাই জুলাই সনদ দ্রুত বাস্তবায়ন হোক। আমাদের সন্তানরা যে স্বপ্ন নিয়ে জীবন দিয়েছে, সেই স্বপ্ন পূরণে এ সনদের বাস্তবায়ন জরুরি। তারা কোনো কারণ ছাড়াই রক্ত দেয়নি, দেশের একটি সুন্দর ভবিষ্যতের জন্যই তারা আত্মত্যাগ করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## নগরবাসী এলেন সমস্যা নিয়ে, প্রশাসক দিলেন ফুল

নাগরিক সম্পৃক্ততা ও সরাসরি অংশগ্রহণের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) বিভিন্ন নাগরিক সমস্যা সমাধানের লক্ষ্যে পালিত হয়েছে 'পাবলিক হেয়ারিং ডে'। শনিবার (৭ মার্চ) নগর ভবন মিলনায়তনে সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত এই পাবলিক হেয়ারিং হয়। এই উদ্যোগের মাধ্যমে নগরবাসী সিটি করপোরেশন সংক্রান্ত নানা সমস্যা সরাসরি ডিএসসিসি প্রশাসক মো. আবদুস সালামের কাছে তুলে ধরেন। অনুষ্ঠানে নগরীর বিভিন্ন ওয়ার্ড থেকে আসা অর্ধশতাধিক সাধারণ নাগরিক তাদের এলাকার নানা সমস্যা তুলে ধরেন। সমস্যাসমূহের মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা, মশক নিয়ন্ত্রণ, সড়কবাতি, অবৈধ ফুটপাত দখল, সড়ক ও ফুটপাত সংস্কার, জলাবদ্ধতা ও ড্রেনেজ ব্যবস্থা সংক্রান্ত অভিযোগ ছিল উল্লেখযোগ্য। নাগরিকদের সমস্যা জানার পর প্রশাসক তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের ব্যাখ্যা তলব করেন এবং সমাধানের জন্য প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেন। ফলে উপস্থিত নাগরিকরা তাদের অভিযোগের বিষয়ে সরাসরি প্রতিক্রিয়া পেয়ে সন্তোষ প্রকাশ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## জ্বালানি তেল পাচার রোধে উপকূলে কোস্টগার্ডের নজরদারি জোরদার

মিয়ানমারে জ্বালানি তেলসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের চোরাচালান রোধে উপকূলীয় ও সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশ কোস্টগার্ড ২৪/৭ টহল কার্যক্রম পরিচালনা করছে। শনিবার (৭ মার্চ) বিকেলে কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি বলেন, বৈশ্বিক জ্বালানি সংকট কেন্দ্র করে মিয়ানমারে বাংলাদেশ থেকে জ্বালানি তেলসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী অবৈধভাবে পাচারের আশঙ্কা বৃদ্ধি পাওয়ায়, বাংলাদেশ কোস্টগার্ড সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। সীমান্তবর্তী উপকূলীয় এলাকা ও নদীপথে চোরাচালান প্রতিরোধে এরই মধ্যে টহল কার্যক্রম এবং গোয়েন্দা নজরদারি জোরদার করা হয়েছে। বিশেষ করে উপকূলীয় অঞ্চল, নৌপথ ও সীমান্ত সংলগ্ন এলাকায় দিন-রাত নিরবচ্ছিন্ন টহল পরিচালনা করা হচ্ছে, যাতে কোনো অসাধু চক্র জ্বালানি তেলসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রী অবৈধভাবে পাচার করতে না পারে। তিনি আরও বলেন, দেশের অর্থনীতি ও অভ্যন্তরীণ বাজার স্থিতিশীল রাখার স্বার্থে যে-কোনো ধরনের চোরাচালানের বিরুদ্ধে বাংলাদেশ কোস্টগার্ডের অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## ইবি শিক্ষিকা হত্যায় অভিযুক্ত তিনজন সাময়িক বরখাস্ত

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সমাজকল্যাণ বিভাগের সভাপতি সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনা হত্যাকাণ্ডের ঘটনায় তিনজনকে সাময়িক বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। শনিবার (৭ মার্চ) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হকের সই করা পৃথক তিনটি অফিস আদেশে এ তথ্য জানানো হয়। অফিস আদেশ সূত্রে, গত ৪ মার্চ বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের সভাপতি সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনার হত্যাকাণ্ডে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ধারা ১৫৪ অনুসারে থানায় প্রাপ্ত আমলযোগ্য অপরাধের প্রাথমিক তথ্যে তাদের নাম থাকায়, ইসলামী বিশ্ববিদ্যালয়ের চাকরি শৃঙ্খলা বিধি অনুযায়ী তাদেরকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। তবে

বরখাস্তকালীন সময়ে তারা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক জীবনধারণ ভাতা প্রাপ্ত হবেন। এ ঘটনায়, বরখাস্তকৃতরা হলেন- সমাজকল্যাণ বিভাগের সহকারী অধ্যাপক শ্যাম সুন্দর সরকার, সহকারী অধ্যাপক হাবিবুর রহমান এবং উম্মুল মু'মিনীন আয়েশা সিদ্দিকা হলের সহকারী রেজিস্ট্রার বিশ্বজিৎ কুমার বিশ্বাস।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## জুডিসিয়াল সার্ভিসের নিয়োগ পরীক্ষায় ডিভাইস ব্যবহার, ২ জনকে কারাদণ্ড

জুডিসিয়াল সার্ভিস কমিশন আয়োজিত অধস্তন আদালতের কর্মচারী নিয়োগ পরীক্ষায় জালিয়াতির অভিযোগে দু-জনকে আটক করে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে কারাদণ্ড দেওয়া হয়েছে। গ্রেফতাররা হলেন- মামুনুর রশীদ (২৮) ও শুভ (২৬)। শনিবার (৭ মার্চ) মহাখালীর সরকারি তিতুমীর কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষায় জালিয়াতির অভিযোগে তাদের আটক করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## পোস্টাল ভোট; জামায়াত পেয়েছে ৪৫.৮৮%, বিএনপি ৩০.২৮%

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে পোস্টাল ভোটে এগিয়ে রয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটি পেয়েছে ৪৫ দশমিক ৮৮ শতাংশ ভোট, আর বিএনপি পেয়েছে ৩০ দশমিক ২৮ শতাংশ ভোট। এছাড়া, দুটি আসনের জয়-পরাজয়েও ডাকযোগে দেওয়া ভোট গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। শনিবার (৭ মার্চ) নির্বাচন কমিশনের (ইসি) চূড়ান্ত ফলাফল বিশ্লেষণে এ তথ্য পাওয়া গেছে। প্রবাসীদের দীর্ঘদিনের দাবির প্রেক্ষিতে প্রথমবারের মতো আইটি-সমর্থিত পোস্টাল ভোটের ব্যবস্থা করে ইসি। এতে প্রবাসীদের পাশাপাশি, দেশের ভেতরে নির্বাচনি দায়িত্বে থাকা ব্যক্তি এবং কারাবন্দি ভোটাররাও ডাকযোগে ভোট দেওয়ার সুযোগ পান। ইসি কর্মকর্তারা জানান, পোস্টাল ভোট দেওয়ার জন্য ১৫ লাখ ২০ হাজার ৯৩ জন নিবন্ধন করেন। এর মধ্যে মোট প্রদত্ত ভোটের সংখ্যা ১০ লাখ ৬৩ হাজার ৮৭৪টি। মোট বাতিল ভোটের সংখ্যা ৫৭ হাজার ৮৯৮ জন। ভোটের হার ৬৯ দশমিক ৯৯ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

## ই-রেজিস্ট্রেশন করল ২১ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান

দেশের ২১ হাজারের বেশি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান অনলাইনে তথ্য হালনাগাদ (ই-রেজিস্ট্রেশন) সম্পন্ন করেছে। প্রতিষ্ঠানগুলো শিক্ষক প্রয়োজন হলে এখন বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষকে (এনটিআরসিএ) শূন্যপদের তথ্য দিতে পারবে। শনিবার (৭ মার্চ) এনটিআরসিএ সূত্র এ তথ্য জানিয়েছে। সংস্থার কর্মকর্তারা জানান, ১ মার্চ ই-রেজিস্ট্রেশনের কার্যক্রম শেষ হয়েছে। ৯ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়া কার্যক্রমে ২১ হাজার ৮৮টি স্কুল-কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান তাদের তথ্য হালনাগাদ করেছে। ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে এনটিআরসিএ জানিয়েছিল, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি) শিক্ষকের শূন্যপদ সংক্রান্ত তথ্য অনলাইনে সংগ্রহের উদ্দেশ্যে প্রতিষ্ঠানগুলোর ই-রেজিস্ট্রেশন কার্যক্রম ৯ থেকে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত নির্ধারিত ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:০৭.০৩.২০২৬ রিহাব)

# BBC

## IRAN LAUNCHES MISSILE AT ISRAEL: IDF

The Israeli military says it has identified missiles launched from Iran towards Israel. "Defence systems are operating to intercept the threat," the IDF says, adding alerts have been sent to some mobile phones instructing residents to stay in protected spaces.
(BBC News Web Page: 07/03/26, FARUK)

## MESSAGE FROM IRAN'S PRESIDENT IS 'CLEAR': SPOKESPERSON

The deputy of communications for the Iranian president's office has commented on Masoud Pezeshkian's televised message this morning. "President Pezeshkian's message is clear: if the countries in the region do not co-operate with the US in its attacks on us, we will not attack them," he says. "The Islamic Republic of Iran never bows to force, and our powerful armed forces, in accordance with the issued guidelines, will give a decisive response to any aggression from American bases." Pezeshkian apologized to neighbouring states earlier, and said Tehran would not attack them "unless attacked first". However, neighbouring states continue to report on Saturday that they are intercepting missiles and drones.
(BBC News Web Page: 07/03/26, FARUK)

## IDF ISSUES EVACUATION ORDERS PARTS OF SOUTHERN LEBANON

The Israel Defense Forces (IDF) warned of further strikes on southern Lebanon. In a post published on X, IDF spokesperson Avichay Adraee shares a map of the targeted area and warns residents in affected areas to evacuate. The IDF says buildings used by Hezbollah are in the vicinity. The Israeli military has also reported that it "continues to degrade" Hezbollah capabilities in the region, following earlier strikes on Beirut's southern suburbs.
(BBC News Web Page: 07/03/26, FARUK)

**HEZBOLLAH SAYS IT TARGETED ISRAELI MILITARY BASE**

Hezbollah says it targeted Israel's Dado military base, north-east of the city of Safed, with a missile strike at 13:00 local time. In a post on Telegram, it said the strike was in response to Israeli strikes on "dozens of Lebanese cities and towns, including the southern suburbs of Beirut". (BBC News Web Page: 07/03/26, FARUK)

**FIFTEEN BALLISTIC MISSILES INTERCEPTED ON SATURDAY: UAE**

The United Arab Emirates sad it has intercepted 15 ballistic missiles and 119 drones on Saturday. In an update from its ministry of defence, it says that air defence systems detected a total of 16 ballistic missiles, of which 15 were intercepted and one fell into the sea. Air defence systems also detected 121 UAVs - or drones - and intercepted 119 of them, "while two fell within the territory of the UAE", it says. Ballistic missiles are much rocket-powered long-range weapons, that can cost millions to manufacture. UAVs - unmanned aerial vehicles - or drones, are slower, low-flying propeller - driven aircraft. They can be produced at a much lower cost. (BBC News Web Page: 07/03/26, FARUK)

**AT LEAST 41 KILLED IN ISRAELI AIR ATTACKS ON LEBANON'S BEKAA: MINISTRY**

At least 41 people have been killed and 40 wounded in Israeli air and ground raids on the Lebanese town of Nabi Chit, in the eastern Bekaa Valley, according to the country's Ministry of Public Health. There was no immediate comment from the Israeli military, which has launched numerous deadly attacks and sent ground troops into southern Lebanon, but until now not further north in the east, since the Iran-aligned Lebanese group Hezbollah fired missiles at Israel on Monday to avenge the killing of Iranian Supreme Leader Ayatollah Ali Khamenei, joining the war. According to Lebanon's official National News Agency (NNA), an Israeli commando unit "infiltrated under the cover of darkness" towards a family cemetery in the eastern part of Nabi Chit overnight. (BBC News Web Page: 07/03/26, FARUK)

**UK AIRCRAFT CARRIER HMS PRINCE OF WALES PLACED ON ADVANCED READINESS**

The BBC has learned that HMS Prince of Wales, one of Britain's two aircraft carriers, has been placed on advanced readiness to sail from Portsmouth. Defence sources say the ship's crew has been told they must be ready to leave in five days. Before this, the ship's so-called "notice to sail" was 14 days. This may raise speculation that the carrier could be deployed to the Mediterranean to help defend British interests threatened during the conflict in the Middle East. The government has been accused of not acting fast enough to protect Cyprus from enemy drones and missiles. The Type 45 destroyer, HMS Dragon, has been deployed to the region but will be ready to leave port until next week.
(BBC News Web Page: 07/03/26, FARUK)

**"WE WILL DEFEND OURSELVES' FROM AGGRESSION: IRAN'S AMBASSADOR TO UK**

The Iranian ambassador to the UK, Seyed Ali Mousavi, has told the BBC that if the"aggression from the American and Israeli side continues, we will continue to defend ourselves". While Iran's president has apologized this morning and promised to stop attacks on neighbouring states, the ambassador says his country's policy is to "defend themselves". In an interview with Sunday with Laura Kuenssberg, Mousavi is asked if Iran would stop its attacks on military bases in other parts of the Middle East. He says there is "willingness from the Iranian side not to strike, not to attack our neighbours". He says that bases, properties or facilities which target Iran would be considered "legitimate targets".
(BBC News Web Page: 07/03/26, FARUK)

**TRUMP DEMANDS 'UNCONDITIONAL SURRENDER' FROM IRAN AS PUTIN SPEAKS WITH IRAN'S PRESIDENT**

US President Donald Trump has demanded Iran's "unconditional surrender" as the American and Israeli military continued to launch strikes. Trump said the US and allies would make Iran "economically bigger, better, and stronger than ever before" after it picked "acceptable" new leadership. With the war close to entering a second week, it remains unclear who will lead Iran after the killing of Supreme Leader Ali Khamenei a week ago, or on what terms the US would end its offensive against Tehran, which has triggered region-wide retaliatory strikes. Speaking on Friday, White House spokeswoman Karolina Leavitt said the administration expected military operations to last four to six weeks.
(BBC News Web Page: 07/03/26, FARUK)

**FLIGHT PATHS SQUEEZED AS IRAN CONFLICT CLOSES MORE AIRSPACE**

The closure of airspace over the southern half of Azerbaijan is putting additional pressure on airlines scrambling to respond to disruption caused by the conflict in the Gulf. Flight traffic had already been severely disrupted in a region which in normal times acts as a significant hub for the global airline industry. But a drone attack on the small central Asian country has squeezed many flights into a narrow corridor across the north of the country. Aviation expert John Strickland said there was now a "very tight range of options for airlines" trying to navigate the current situation. (BBC News Web Page: 07/03/26, FARUK)

**RUSSIAN STRIKE ON KHARKIV APARTMENT BLOCK KILLS TEN**

At least ten people including children have been killed and several others injured after a Russian airstrike hit an apartment block in Kharkiv, Ukraine's President Volodymyr Zelensky has said. Regional governor Oleg Synegubov said the missile damaged a five-storey residential building on Saturday morning. He added that rescue workers are clearing up debris. The latest overnight attacks triggered air alerts across Ukraine - including in Dnipropetrovsk and in Zapprizhzhia. Russia's defence ministry confirmed it used drones to carry out strikes on Ukrainian targets - adding its forces struck Ukrainian military compounds, airfields and energy facilities, the Interfax news agency said. BBC News Web Page: 07/03/26, FARUK)

**HEAVY RAINS AND FLOODING KILLS AT LEAST 23 IN NAIROBI**

At least 23 people have been killed in Nairobi after heavy rain overnight caised severe flooding in Kenya's capital city. Police said about 30 people had been rescued but many others drowned after being swept into rivers - some have been electrocuted. Kenya's military has been deployed to help people trapped inside their cars as police described widespread damage to properties as well as road closures. Several flights bound for Nairobi Airport had to be cancelled or diverted to the coastal city of Mombasa.
(BBC News Web Page: 07/03/26, FARUK)

**MILITARY CHIEF DEFENDS UK RESPONSE TO MIDDLE EAST CONFLICT**

The head of the British military has told the BBC he "completely rejects" criticism that the UK had been ill-prepared for the conflict in the Middle East. Speaking on Saturday as war continued in the region, Chief of the Defence Staff Sir Richard Knighton said it was "probably the most dangerous time of the last 30 years". Some have questioned the UK's response, in particular around the sending of a Royal Navy ship to Cyprus to protect the UK military base, RAF Akrotiri, which was targeted by a drone. Sir Richard said the UK had been "bolstering our presence" in the region for several weeks but did not give a timeline for the arrival of HMS Dragon, which remains in Portsmouth. (BBC News Web Page: 07/03/26, FARUK)

# :: THE END